# বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার সর্বশেষ ৯ বছরের প্রশ্নব্যাংক

## ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১২টি প্রশ্ন কমনের বিরল রেকর্ড

ফিন্যান্স বিচিত্রা বইটি থেকে ঢাবি ভর্তি পরীক্ষায় হুবহু ১২টি প্রশ্ন কমনের বিরল রেকর্ড। নিচে প্রমাণ দেওয়া হলো-

## ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৩-২৪; ইউনিট : গ

**01. সুদের হার বৃদ্ধির কারণে ভবিষ্যতে প্রাপ্ত অর্থের বর্তমান মূল্য ——।**

Ⓐ অধিক হবে Ⓑ সমান হবে Ⓒ কম হবে Ⓓ প্রভাবিত হবে না

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓒ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র থেকে | অর্থের সময়মূল্য | পৃষ্ঠা নং-৭৮, প্রশ্ন নং-০১ (রাবি) | হুবহু |

Solve সুদের হারের সাথে বর্তমান মূল্যের সম্পর্ক ঋণাত্মক, তাই সুদের হার বৃদ্ধির কারণে ভবিষ্যতে প্রাপ্ত অর্থের বর্তমান মূল্য কম হবে।

**02. পোর্টফোলিওতে বিনিয়োগ করা হয় ——।**

Ⓐ বিনিয়োগ বৃদ্ধির জন্য Ⓑ বিনিয়োগ মুনাফা বৃদ্ধির জন্য Ⓒ বিনিয়োগ ঝুঁকি হ্রাসের জন্য Ⓓ বিনিয়োগ ব্যবস্থাপনা সহজ করার জন্য

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓒ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র থেকে | ঝুঁকি এবং মুনাফার হার | পৃষ্ঠা নং-১৮৬, প্রশ্ন নং-০৪ (ঢাবি-৭ কলেজ) | হুবহু |

Solve পোর্টফোলিও গঠন করা হয় বিনিয়োগ ঝুঁকি কমানোর জন্য।

**03. দীর্ঘমেয়াদি অর্থায়নের ক্ষেত্রে অভ্যন্তরীণ উৎস কোনটি?**

Ⓐ চিরস্থায়ী বন্ড Ⓑ অগ্রাধিকার শেয়ার Ⓒ ডিবেঞ্চার Ⓓ সংরক্ষিত মুনাফা

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓓ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র থেকে | মূলধন ব্যয় | পৃষ্ঠা নং-১৫৪, আলোচনা | অনুরূপ |

Solve সংরক্ষিত মুনাফা দীর্ঘমেয়াদি অর্থায়নের অভ্যন্তরীণ উৎস।

**04. সরকার যে বন্ড ইস্যু করে তাকে —— বলা হয়।**

Ⓐ পরিশোধযোগ্য বন্ড Ⓑ সুরক্ষিত বন্ড Ⓒ ট্রেজারি বন্ড Ⓓ রূপান্তরযোগ্য বন্ড

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓒ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র থেকে | দীর্ঘমেয়াদি অর্থায়ন | পৃষ্ঠা নং-১৩৮, প্রশ্ন নং-০৬ (NCTB) | হুবহু |

Solve সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ডকে বলা হয় ট্রেজারি বন্ড।

**05. কোনো দেশে আর্থসামাজিক ও রাজনৈতিক অবস্থার পরিবর্তনের ফলে কোন ঝুঁকি তৈরি হয়?**

Ⓐ কোম্পানি ঝুঁকি Ⓑ তারল্য ঝুঁকি Ⓒ বাজার ঝুঁকি Ⓓ আর্থিক ঝুঁকি

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓒ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র থেকে | ঝুঁকি এবং মুনাফার হার | পৃষ্ঠা নং-১৮৭, প্রশ্ন নং-০৩ (HSC) | হুবহু |

Solve দেশের সামাজিক, রাজনৈতিক অবস্থার পরিবর্তনের ফলে বাজার ঝুঁকির সৃষ্টি হয়।

**06. অ্যানুইটির ক্ষেত্রে–**

Ⓐ প্রতিটি কিস্তির পরিমাণ সমান থাকে। Ⓑ প্রতি কিস্তির পরিমাণ প্রথমদিকে কম ও পরে বেশি হয়।
Ⓒ প্রতি কিস্তির পরিমাণ প্রথমদিকে বেশি ও পরে কম হয়। Ⓓ প্রতি কিস্তির পরিমাণ ক্রমান্বয়ে একটি নির্দিষ্ট হারে বাড়ে।

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓐ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র থেকে | অর্থের সময়মূল্য | পৃষ্ঠা নং-৮০, আলোচনা | অনুরূপ |

Solve অ্যানুইটির বেলায় কিস্তির পরিমাণ সমান থাকে ও নিয়মিত পরিশোধ করা হয়।

**07. বিনিময় বিল হচ্ছে ——।**

Ⓐ শর্তসাপেক্ষে অর্থ প্রদানের আদেশ Ⓑ শর্তসাপেক্ষে অর্থ প্রদানের অঙ্গীকার
Ⓒ অর্থ প্রদানের শর্তহীন আদেশ Ⓓ অর্থ প্রদানের শর্তহীন অঙ্গীকার

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓒ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র থেকে | চেক, বিনিময় বিল ও অঙ্গীকারপত্র | পৃষ্ঠা নং-২৯১, আলোচনা | হুবহু |

Solve বিনিময় বিলে অর্থ প্রদানের শর্তহীন আদেশ দেওয়া হয়।



CamScanner

**08. নিচের কোনটিকে বাতিল চেক বলে গণ্য করা হয়?**

Ⓐ পরবর্তী তারিখের চেক Ⓑ পূর্ব-তারিখের চেক Ⓒ বাসি চেক Ⓓ হারানো চেক

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓒ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র থেকে | চেক, বিনিময় বিল ও অঙ্গীকারপত্র | পৃষ্ঠা নং-২৮৬, আলোচনা | অনুরূপ |

Solve বাসি চেকের অপর নাম বাতিল চেক/ মেয়াদোত্তীর্ণ চেক।

**09. ব্যাংকের নগদ জমার হার বৃদ্ধির ফলে নিচের কোনটি ঘটে?**

Ⓐ মূল্যস্ফীতির নিয়ন্ত্রণ Ⓑ মূল্যস্ফীতির বৃদ্ধি Ⓒ ব্যাংকসমূহের ঋণ প্রদানের সামর্থ্য বৃদ্ধি Ⓓ অর্থ সরবরাহ বৃদ্ধি

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓐ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র থেকে | কেন্দ্রীয় ব্যাংক | পৃষ্ঠা নং-২৩১, আলোচনা | অনুরূপ |

Solve নগদ জমার হার (CRR – Cash Reserve Ratio) বৃদ্ধি পেলে মুদ্রাস্ফীতি কমে যায় ফলে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে থাকে।

**10. বাংলাদেশে নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক নয়?**

Ⓐ বাংলাদেশ কৃষি ব্যাংক Ⓑ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক Ⓒ প্রবাসী কল্যাণ ব্যাংক Ⓓ কর্মসংস্থান ব্যাংক

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓓ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র থেকে | ব্যাংক ব্যবস্থার প্রাথমিক ধারণা | পৃষ্ঠা নং-২০২, আলোচনা | হুবহু |

Solve কর্মসংস্থান ব্যাংক একটি তালিকাভুক্ত ব্যাংক।

**11. নিচের কোন নীতি সব ধরনের জীবন ও সম্পত্তি বিমার ক্ষেত্রে প্রযোজ্য?**

Ⓐ আর্থিক ক্ষতিপূরণের নীতি Ⓑ প্রত্যক্ষ কারণের নীতি Ⓒ আনুপাতিক অংশগ্রহণের নীতি Ⓓ স্থলাভিষিক্তকরণ নীতি

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓑ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র থেকে | বিমা সম্পর্কে মৌলিক ধারণা | পৃষ্ঠা নং-৩৪১, আলোচনা | হুবহু |

Solve আর্থিক ক্ষতিপূরণের নীতি সাধারণ বা সম্পত্তি বিমায় প্রযোজ্য, আনুপাতিক অংশগ্রহণের নীতি দ্বৈত বিমায় প্রযোজ্য, স্থলাভিষিক্তকরণ নীতি নৌ বিমায় প্রযোজ্য।

**12. কোন ধরনের জীবন বিমায় ঋণ সুবিধা পাওয়া যায়?**

Ⓐ মেয়াদি Ⓑ সাময়িক Ⓒ গোষ্ঠী Ⓓ অ্যানুইটি

| উত্তর | প্রশ্নটি এসেছে | অধ্যায় | ফিন্যান্স বিচিত্রার যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে | কমনের ধরন |
|---|---|---|---|---|
| Ⓐ | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র থেকে | জীবন বিমা | পৃষ্ঠা নং-৩৪৮, আলোচনা | অনুরূপ |

Solve মেয়াদি বিমায় ঋণ সুবিধা পাওয়া যায়।

## লিখিত অংশ

**i. নিট বর্তমান মূল্য পদ্ধতির ভিত্তিতে একটি প্রকল্প কখন গ্রহণযোগ্য হয়?**

**উত্তর:** প্রকল্পটি যখন ধনাত্মক (Positive) হয়।

**ii. মেঘনা কোম্পানি আজ থেকে এক বছর পর শেয়ার প্রতি ১২.৫ টাকা হারে লভ্যাংশ প্রদান করবে। কোম্পানির প্রত্যাশিত লভ্যাংশ বৃদ্ধির বার্ষিক হার ৫ শতাংশ। শেয়ারের বাজার মূল্য ১২৫ টাকা হলে কোম্পানির শেয়ারের ব্যয় কত হবে?**

**উত্তর:** $\left(\frac{D_1}{P_0} + g\right) \times 100 = \left(\frac{12.5}{125} + 0.05\right) \times 100$ [ $D_1$ =12.5, $P_0$ = 125 g= 5% or .05]

$= (0.10 + 0.05) \times 100 = .015 \times 100 = 15\%$

**iii. অর্থের বর্তমান মূল্যের সূত্র অনুযায়ী কত সুদের হারে কোন নির্দিষ্ট নগদ প্রবাহের বর্তমান মূল্য ভবিষ্যৎ মূল্যের সমান হবে?**

**উত্তর:** ০%

**iv. সম্পদ সর্বোচ্চকরণ কী?**

**উত্তর:** সম্পদ সর্বাধিকরণ বলতে শেয়ারের বর্তমান বাজারমূল্য বৃদ্ধিকরণকে বোঝায়।

**v. চেকে একবার দাগ কাটার পর কে তা প্রত্যাহার করতে পারে?**

**উত্তর:** আদেষ্টা

**vi. কোন হস্তান্তরযোগ্য দলিল একই পক্ষের নিকট দুইবার উপস্থাপন করতে হয়?**

**উত্তর:** বিনিময় বিল

**vii. কোন নীতির ভিত্তিতে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর জীবন বিমা করতে পারে?**

**উত্তর:** বিমাযোগ্য স্বার্থের নীতি।

**viii. "মৃত্যুহার পঞ্জি" সর্বপ্রথম কে প্রস্তুত করেন?**

**উত্তর:** অ্যাডমন্ড হ্যালি।



CamScanner

# ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২২-২৩; ইউনিট : গ

**01. একটি ফার্মের শেয়ারহোল্ডারদের সম্পদ বলতে বোঝায়?**

Ⓐ বাজার মূল্যে ফার্মের সমুদয় সম্পদের মোট মূল্য
Ⓑ ফার্মের সম্পদের বহিমূল্য হতে এর দায়সমূহের বহিমূল্য বাদ দেয়ার পর যে মূল্য পাওয়া যায়।
Ⓒ ফার্মের সম্পদের বহিমূল্য হতে পুঞ্জীভূত অবচয় বাদ দেওয়ার পর যে মূল্য অবশিষ্ট থাকে
Ⓓ বাজার মূল্যে ফার্মের সাধারণ শেয়ারের মোট মূল্য

**D Solve** শেয়ারহোল্ডারদের সম্পদ বলতে বাজার মূল্যে ফার্মের সাধারণ শেয়ারের মোট মূল্য।

**02. পোর্টফোলিও-এর অন্তর্ভুক্ত সিকিউরিটির সংখ্যা বৃদ্ধি পেলে কোন ঝুঁকি হ্রাস পাবে।**

Ⓐ কোম্পানি ঝুঁকি Ⓑ তারল্য ঝুঁকি Ⓒ বাজার ঝুঁকি Ⓓ আর্থিক ঝুঁকি

**A Solve** যে ঝুঁকি বিশেষ কোনো কোম্পানির বা ব্যবসা প্রতিষ্ঠানের সাথে সম্পর্কিত তাকে কোম্পানি ঝুঁকি বলে। যেমন– কোন গার্মেন্টস ফ্যাক্টরিতে শ্রমিক ধর্মঘটের ফলে উৎপাদন ব্যাহত হওয়ায় যে ক্ষতি তা শুধু এই একটি গার্মেন্টস কোম্পানিকে প্রভাবিত করবে। অন্য কোনো গার্মেন্টসকে প্রভাবিত করে না। যেহেতু ঘটনাসমূহ দৈব, তাই পোর্টফোলিও এর মাধ্যমে কোম্পানি ঝুঁকিকে হ্রাস করা যায়।

**03. একটি স্বাধীন প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে কোনটি গ্রহণযোগ্য?**

Ⓐ আন্তঃআয়-উপার্জন হার (IRR) ≥ 0 Ⓑ আন্তঃআয়-উপার্জন হার (IRR) > ফার্মের মূলধন খরচ (k)
Ⓒ আন্তঃআয়-উপার্জন হার (IRR)> গড় আয়-হার (ARR) Ⓓ নিকট বর্তমান মূল (NPV) ≤ 0

**B Solve** ▪ আন্তঃআয় হার যদি মূলধন ব্যয় হতে বেশি হয়, তাহলে প্রকল্পটি গ্রহণ করা হয়।
▪ আন্তঃআয় হার যদি মূলধন ব্যয় হতে কম হয়, তাহলে প্রকল্পটি বর্জন করা হয়।
▪ নিট বর্তমান মূল্য ধনাত্মক হলে প্রকল্প গ্রহণযোগ্য।
▪ নিট বর্তমান মূল্য ধনাত্মক হলে প্রকল্প বর্জন করা হয়।
▪ নিট বর্তমান মূল্য শূন্য হলে ব্যবস্থাপক প্রকল্পটি গ্রহণ করতেও পারে আবার নাও করতে পারে।

**04. তারল্য ও মুনাফার মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান?**

Ⓐ সমান্তরাল Ⓑ বিপরীতমুখী Ⓒ ধনাত্মক Ⓓ নিরপেক্ষ

**B Solve** তারল্য ও মুনাফা নীতি বলতে বুঝায় ব্যবসায়ের প্রতিটি আর্থিক সিদ্ধান্ত এমনভাবে গ্রহণ করা উচিত যাতে তারল্য ও মুনাফা উভয়ই বজায় থাকে। তারল্য ও মুনাফা নীতির মধ্যে বিপরীত সম্পর্ক বিদ্যমান। কারণ তারল্য বাড়লে মুনাফা কমে, আবার তারল্য কমলে মুনাফা বাড়ে।

**05. নিচের কোনটি অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস?**

Ⓐ আর্থিক ইজারা Ⓑ বাণিজ্যিক কাগজ Ⓒ ট্রেজারি বিল Ⓓ পুনঃক্রয় চুক্তি

**A Solve** দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎসআর্থিক ইজারা, সাধারণ শেয়ার মূলধন, অগ্রাধিকার শেয়ার মূলধন, বন্ড ও ডিবেঞ্চার, মেয়াদি ঋণ, সংরক্ষিত মুনাফা, পরিশোধিত মূলধন।

**06. প্রচলিত সুদের হার বন্ডের কুপন রেটের চেয়ে কম হলে বন্ডটি কী দামে ইস্যু হবে?**

Ⓐ অভিহিত মূল্যে Ⓑ প্রিমিয়ামে Ⓒ বাট্টায় Ⓓ এই ঘটনার কোনো প্রভাব নেই

**B Solve** প্রচলিত সুদের হার বন্ডের কুপন রেটের চেয়ে কম হয় তাহলে বন্ডটি প্রিমিয়ামে ইস্যু হবে। আবার যদি প্রচলিত সুদের হার বন্ডের কুপন রেটের চেয়ে বেশি হয় বন্ডটি বাট্টায় ইস্যু হবে।

**07. রিজার্ভ রেশিও পরিবর্তনের মাধ্যমে নিচের কোনটি প্রভাবিত হয়?**

Ⓐ মূলধন গঠন Ⓑ বৈদেশিক মুদ্রার মজুদ Ⓒ সম্পদের বণ্টন Ⓓ ঋণ প্রদান ক্ষমতার সম্প্রসারণ

**D Solve** তালিকাভুক্ত ব্যাংকসমূহ তার সংগৃহীত আমানতের একটা নির্দিষ্ট অংশ বাধ্যতামূলকভাবে নগদে এবং অংশবিশেষ বন্ড-সিকিউরিটিজ ক্রয় করে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখে একে জমার হার পরিবর্তন নীতি বলে।

জমার হার বৃদ্ধি → বাণিজ্যিক ব্যাংক থেকে অধিক পরিমাণ অর্থ কেন্দ্রীয় ব্যাংকে নির্গমন → বাণিজ্যিক ব্যাংকের ঋণদান সামর্থ্য হ্রাস → বাজারে ঋণের পরিমাণ হ্রাস

জমার হার হ্রাস → বাণিজ্যক ব্যাংক থেকে কম পরিমাণ অর্থ কেন্দ্রীয় ব্যাংকে নির্গমন → বাণিজ্যিক ঋণদান সামর্থ্য বৃদ্ধি → বাজারে ঋণের পরিমাণ বৃদ্ধি



CamScanner

08. বাসি চেক কাকে বলে?

Ⓐ ভবিষ্যৎ তারিখের চেক Ⓑ জালিয়াতি চেক Ⓒ মেয়াদোত্তীর্ণ চেক Ⓓ তারিখবিহীন চেক

**C Solve** প্রস্তুত তারিখের পর থেকে চেক ভাঙানোর আইনানুগ নির্দিষ্ট সময়ের মধ্যে চেক ভাঙানো না হলে উক্ত চেককে বাসি চেক বলে। বাংলাদেশে চেকের মেয়াদ ছয় মাস।

09. আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদান করা হয় কোন বিমায়?

Ⓐ যুগ্ম বিমা Ⓑ গোষ্ঠী বিমা Ⓒ পুনঃবিমা Ⓓ দ্বৈত বিমা

**D Solve** কোনো একক বিষয়বস্তু একাধিক বিমা কোম্পানির নিকট বিমা করা হলে তাকে দ্বৈত বিমা বলে। উক্ত বিষয়বস্তু ক্ষতি হলে আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদান করা হয়।

10. কোন মেয়াদি বিমাপত্রে কেবল বিমাগ্রহীতা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত বেঁচে থাকলে বীমাকৃত অঙ্ক পেয়ে থাকে?

Ⓐ বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র Ⓑ সাময়িক মেয়াদি বিমাপত্র Ⓒ আজীবন মেয়াদি বিমাপত্র Ⓓ সাধারণ মেয়াদি বিমাপত্র

**A Solve** যে বিমাপত্রের ক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদের জন্য (সাধারণত ৫-১০ বছর) বিমাপত্র খোলা হয় এবং ঐ মেয়াদ উত্তীর্ণ হলেই শুধু বিমগ্রহীতা বিমাদাবির অর্থ লাভ করতে পারবে যদি বিমাগ্রহীতা বেঁচে থাকে একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত তাকে বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র বলে।

11. কোন প্রত্যয়পত্র (এল সি) খোলার সময় আরেকটি প্রত্যয়পত্রকে (এল সি) জামানত হিসেবে ব্যবহার করা হয়?

Ⓐ সবুজ দফা এল সি Ⓑ ঘূর্ণায়মান এল সি Ⓒ স্থির এল সি Ⓓ ব্যাক টু ব্যাক এল সি

**D Solve** কোনো প্রত্যয়পত্রের গ্রহীতা এর জামানতের ভিত্তিতে অন্যের অনুকূলে ব্যাংক থেকে কোনো নতুন প্রত্যয়পত্র সংগ্রহ করে তাকে ব্যাক টু ব্যাক প্রত্যয়পত্র বলে। এর সুবিধা হলো ব্যাংক কোনো নগদ্ অর্থ প্রদান করতে হয় না।

12. গাড়ি কেনার জন্য ঋণ দেওয়া হলে এবং গাড়িটি প্রাথমিক জামানত হিসেবে ব্যবহৃত হলে উক্ত ঋণের জন্য ব্যাংক কোন ধরনের চার্জ গ্রহণ করবে?

Ⓐ পণ্য বন্ধক Ⓑ বন্ধক Ⓒ পূর্বস্বত্ব Ⓓ দখলহীন বন্ধক

**D Solve** যে ধরনের জামানতের আইনগত স্বত্ব ব্যাংক এর কাছে থাকলেও তার দখল ঋণগ্রহীতার কাছে থাকে তাকে বলে দখলহীন বন্ধক।

## লিখিত অংশ

i. একটি সিকিউরিটির প্রয়োজনীয় আয়ের হার ২০%। বাজার আয়ের হার ১০% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৫% হলে বাজার ঝুঁকি প্রিমিয়াম কত?

**উত্তর :** বাজার ঝুঁকি প্রিমিয়াম = (বাজার আয়ের হার -ঝুঁকিমুক্ত আয়ের হার) = (১০%-৫%) = ৫%

ii. জনাব রাজীব আজকে ২০,০০,০০০ টাকা এককালীন প্রিমিয়াম পরিশোধ করে একটি জীবন বিমা পলিসি ক্রয় করেন। যার বিনিময়ে তিনি প্রতিমাসে ২০,০০০ টাকা করে আর্থিক সুবিধা জীবনব্যাপী পাবেন। এই প্রকার আর্থিক সুবিধার নাম কী?

**উত্তর :** চিরস্থায়ী বৃত্তি।

iii. জনাব রফিক একজন ব্যবসায়ী। তিনি নিজ ব্যবসায় হতে ২ লক্ষ টাকা অগ্রণী ব্যাংকে ১০% সুদে ২ বছরের জন্য জমা রাখার চিন্তাভাবনা করছেন। তার বন্ধু জনাব শফিক তাকে বরং জমি কেনার পরামর্শ দিলেন। বিষয়টি নিয়ে জনাব রফিক সিদ্ধান্তহীনতায় ভুগছেন। ২ বছর পর জমির মূল্য কমপক্ষে কত টাকা হলে জনাব রফিকের আজকের জমি ক্রয়ের সিদ্ধান্তটিকে যৌক্তিক বলা যাবে?

**উত্তর :** ২ বছর পর জমির মূল্য:

$$FV = PV(1+r)^n$$

$$= ২,০০,০০০ \times (১ + .১০)^২ \quad = ২,০০,০০০ \times (১.১০)^২$$

$$= ২,০০,০০০ \times \left(\frac{১১০}{১০০}\right)^২ = ২,০০,০০০ \times \left(\frac{১১০}{১০০} \times \frac{১১০}{১০০}\right) = ২,৪০,০০০ \text{ টাকা}$$

কমপক্ষে ২,৪০,০০০ টাকা হলে জনাব রফিকের আজকের জমি ক্রয়ের সিদ্ধান্তটিকে যৌক্তিক বলা যাবে

iv. বাংলাদেশের ২টি বিশেষায়িত ব্যাংকের নাম লেখ।

**উত্তর :** বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক।



CamScanner

v. কোন ধরনের জীবন বিমা পত্রে মৃত্যু ও মেয়াদপূর্তি উভয় ক্ষেত্রেই বিমা দাবি পরিশোধিত হয়?

**উত্তর :** মেয়াদি বিমাপত্রে।

vi. একটি ফার্মের ৮.৫% অগ্রাধিকার শেয়ার অভিহিত মূল্যে বিক্রয় করা হলো। অগ্রাধিকার শেয়ারটির মূলধন ব্যয় নির্ণয় কর যদি ফার্ম ৫০% হারে কর দিয়ে থাকে।

**উত্তর : ৮.৫%**

vii. ব্যাংকিং ব্যবস্থায় ১০,০০০ টাকা আমানত হিসাবে জমা হলে এবং প্রয়োজনীয় জমার হার ২০% হলে অতিরিক্ত কত টাকার ঋণ সৃষ্টি হবে?

**উত্তর :** $\text{ঋণ আমানত} = \left(\frac{\text{মূল আমানত}}{\text{নগদ জমার হার}}\right) - \text{মূল আমানত} = \left(\frac{১০০০০}{.২০}\right) - ১০,০০০ = \left(\frac{১০০০০\times১০০}{২০}\right) - ১০,০০০$

$= ৫০,০০০ - ১০,০০০ = ৪০,০০০$ টাকা।

viii. কোন ধরনের সম্পত্তি বিধায় নৈতিক ঝুঁকির মাত্রা বেশি থাকে?

**উত্তর :** অগ্নি বিমা

## ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২১-২২; ইউনিট : গ

**01. একটি বৈচিত্র্যপূর্ণ পোর্টফোলিওতে আয়ের হার নিচের কোন ঝুঁকি দ্বারা প্রভাবিত হয়?**

Ⓐ মোট ঝুঁকি Ⓑ বাজার ঝুঁকি Ⓒ কোম্পানি-সংশ্লিষ্ট ঝুঁকি Ⓓ একক ঝুঁকি

**B Solve** সাধারণ পোর্টফোলিওতে একক বা কোম্পানি ঝুঁকি হ্রাস করা হয় কিন্তু বাজার ঝুঁকি হ্রাস করা যায় না। যার কারণে আয়ের হার বাজার ঝুঁকি দ্বারা প্রভাবিত হয়।

**02. নিচের কোনটি ইন্টারনেট ব্যাংকিং-এর সুবিধা নয়?**

Ⓐ সহজ কার্যসম্পাদন Ⓑ সময় বাঁচানো Ⓒ সুবিধাজনক Ⓓ পাসওয়ার্ড সুরক্ষিত রাখা

**D Solve** ইন্টারনেট ব্যাংকিং এর সুবিধা : সময় বাঁচানো, অর্থ বাঁচানো, সুবিধাজনক, সহজ কার্যসম্পাদন ইত্যাদি।

**03. ইমরান ১০ টাকা অভিহিত মূল্যের একটি শেয়ার ১০০ টাকায় ক্রয় করে ১০% লভ্যাংশ পায়। ১ বছর পরে শেয়ারটি ৯০ টাকায় বিক্রয় করে। তার আয়ের হার কত?**

Ⓐ ০% Ⓑ – ৯% Ⓒ – ১০% Ⓓ ২০%

**B Solve** $\text{আয়ের হার} = \frac{D_1 + (P_1 - P_0)}{P_0} \times ১০০ = \frac{১ + (৯০ - ১০০)}{১০০} \times ১০০$

$= \frac{১ - ১০}{১০০} \times ১০০ = \frac{-৯}{১০০} \times ১০০ = -৯\%$

**04. যদি দুটি শেয়ার X ও Y-এর প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ১২% ও ১৫% এবং তাদের আদর্শ বিচ্যুতি যথাক্রমে ২০% ও ৩০% হয়, একজন রক্ষণশীল বিনিয়োগকারী কোন শেয়ারটি কিনবে?**

Ⓐ X Ⓑ Y Ⓒ X ও Y Ⓓ দুটির কোনোটিই নয়

**A Solve**

■ শেয়ার x :

$\text{বিভেদাঙ্ক} = \frac{\text{আদর্শ বিচ্যুতি}}{\text{আয়ের হার}} = \frac{২০\%}{১২\%} = ১.৬৭\%$

■ শেয়ার y :

$\text{বিভেদাঙ্ক} = \frac{\text{আদর্শ বিচ্যুতি}}{\text{আয়ের হার}} = \frac{৩০\%}{১৫\%} = ২\%$

বিভেদাঙ্ককে ইংরেজিতে Coefficient of Variance বা সংক্ষেপে CV বলা হয়।

যেহেতু, $CV_y > CV_x$, শেয়ার y এর ঝুঁকি শেয়ার x অপেক্ষা বেশি।সুতরাং, বিনিয়োগকারী শেয়ার x এ বিনিয়োগ করবে।

**05. ঝুঁকি ও আয়ের মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান?**

Ⓐ ধনাত্মক Ⓑ ঋণাত্মক Ⓒ সমানুপাতিক Ⓓ নিরপেক্ষ

**A Solve** ঝুঁকি ও আয়ের মধ্যে ধনাত্মক সম্পর্ক বিদ্যমান। অর্থাৎ, ঝুঁকি বাড়লে আয়ও বাড়বে।



CamScanner

**06. নিচের কোনটি বন্ডহোল্ডারদের ঝুঁকির প্রধান উৎস?**

Ⓐ আর্থিক ঝুঁকি Ⓑ ব্যবসায়িক ঝুঁকি Ⓒ অ-বৈচিত্র্যপূর্ণ ঝুঁকি Ⓓ বৈচিত্র্যপূর্ণ ঝুঁকি

**A Solve** আর্থিক ঝুঁকি মূলত ঋণ মূলধন ব্যবহারের কারণে সৃষ্টি হয়। আমরা জানি, ব্যবসায়ে ঋণ প্রদান করে বন্ডহোল্ডাররা।

**07. কোন নীতির ভিত্তিতে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর বিমা করতে পারে?**

Ⓐ সদ্বিশ্বাসের নীতি Ⓑ বিমাযোগ্য স্বার্থের নীতি Ⓒ আর্থিক ক্ষতিপূরণের নীতি Ⓓ নিকটবর্তী কারণের নীতি

**B Solve** বিমাযোগ্য স্বার্থ হলো আর্থিক স্বার্থ। এই নীতির কারণে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর বিমা করতে পারে।

**08. গড়পড়তা বিমায় ১০,০০০ টাকার সম্পত্তি ২০,০০০ টাকায় বিমা করা হলে এবং ক্ষতির পরিমাণ ৫,০০০ টাকা হলে বিমা কোম্পানি কত টাকা ক্ষতিপূরণ দেবে?**

Ⓐ ৫,০০০ টাকা Ⓑ ১০,০০০ টাকা Ⓒ ২০,০০০ টাকা Ⓓ ১৫,০০০ টাকা

**A Solve** ক্ষতিপূরণ $= \frac{\text{বিমাকৃত মূল্য}}{\text{সম্পত্তির মূল্য}} \times$ ক্ষতির পরিমাণ $= \frac{২০,০০০}{১০,০০০} \times ৫,০০০ = ১০,০০০$ টাকা। কিন্তু বিমা কোম্পানি সর্বোচ্চ ক্ষতির সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে প্রদান করবে। সেই হিসাবে সঠিক উত্তর ৫,০০০ টাকা।

**09. নিচের কোনটি দীর্ঘমেয়াদি ঋণ?**

Ⓐ ক্যাশ ক্রেডিট Ⓑ জমাতিরিক্ত উত্তোলন Ⓒ গৃহ ঋণ Ⓓ আন্তঃব্যাংক ঋণ

**C Solve** ক্যাশ ক্রেডিট, জমাতিরিক্ত উত্তোলন, আন্তঃব্যাংক ঋণ হলো স্বল্পমেয়াদি ঋণ, অন্যদিকে গৃহঋণ, কার লোন ইত্যাদি দীর্ঘমেয়াদি।

**10. কোন ক্ষেত্রে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয়?**

Ⓐ লভ্যাংশ বিতরণে Ⓑ স্থায়ী সম্পদ সংগ্রহে Ⓒ ঋণ মূলধন পরিশোধে Ⓓ কার্যকরী মূলধনের প্রয়োজন মেটাতে

**D Solve** কার্যকরী বা চলতি মূলধনের প্রয়োজন মেটাতে ব্যবসায়ে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয়, অন্যদিকে ব্যবসায় সম্প্রসারণে দীর্ঘমেয়াদি মূলধন ব্যবহার করা হয়।

**11. একটি ফার্মের সাধারণ শেয়ারের মূলধন ব্যয় ২০%, অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয় ১৫%, এবং ঋণ মূলধনের ব্যয় ১০%। এর সাধারণ শেয়ারের মূলধন ভার ৪০% এবং অগ্রাধিকার শেয়ারের মূলধন ভার ঋণ মূলধনের ভারের সমান। ফার্মের করের হার ৪০% হলে ফার্মের ভার-আরোপিত মূলধন ব্যয় কত হবে?**

Ⓐ ১২.৫% Ⓑ ১৩.৭% Ⓒ ১৪.৩% Ⓓ ১৫.৫%

**C Solve** কর পরবর্তী ঋণ মূলধন ব্যয় = কর পূর্ব × (১- কর) = .১০ × (১ − .৪০) = .১০ × .০৬ = ৬%

$WACC = W_eK_e + W_pK_p + W_dK_d$

= (০.৪০ × .২০) + (০.৩০ × .১৫) + (০.৩০ × .০৬) = ৮ + ৪.৫ + ১.৮ = ১৪.৩%

**12. নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিল?**

Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ বাণিজ্যিকপত্র Ⓒ ট্রেজারি বিল Ⓓ প্রত্যয়পত্র

**A Solve** বাংলাদেশি আইন অনুযায়ী, বিনিময় বিল, অঙ্গীকারপত্র, চেক হলো হস্তান্তরযোগ্য দলিল।

## লিখিত অংশ

**i. জনাব মাহমুদ এক বছর মেয়াদে একটি বাণিজ্যিক ব্যাংকে ১০,০০০ টাকা জমা রাখতে চান। বাৎসরিক ১২% চক্রবৃদ্ধি সুদের হারে তাকে ব্যাংক X বিনিয়োগের প্রস্তাব দেয়। পক্ষান্তরে, ১০% ষাণ্মাসিক চক্রবৃদ্ধি সুদের হারে তাকে ব্যাংক Y বিনিয়োগের প্রস্তাব দেয়। তার কাছে কোন প্রস্তাবটি অধিক লাভজনক?**

উত্তর : ব্যাংক X এ বিনিয়োগকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য:

$FV = PV(1+i)^n$ ➲ ১০,০০০×(১ + ০.১২)$^১$ ➲ ১০,০০০×(১.১২)$^১$ ➲ ১০,০০০×$\left(\frac{১১২}{১০০}\right)$ ➲ ১১,২০০ টাকা।

ব্যাংক Y এ বিনিয়োগকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য:

$FV = PV\left(1+\frac{i}{m}\right)^{mn}$ ➲ ১০,০০০×$\left(১+\frac{০.১০}{২}\right)^{২\times১}$ ➲ ১০,০০০×(১+.০৫)$^২$ ➲ ১০,০০০× (১.০৫)$^২$

➲ ১০,০০০×$\left(\frac{১০৫}{১০০}\right)$×$\left(\frac{১০৫}{১০০}\right)$ ➲ ১০৫ × ১০৫ ➲ ১১,০২৫ টাকা।

যেহেতু, X>Y, সুতরাং ব্যাংক X এর প্রস্তাব গ্রহণ করা উচিত।



CamScanner

**ii. পাঁচ বছর মেয়াদি একটি প্রকল্পের অভ্যন্তরীণ আয়ের হার ১৫%। এই হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য কত হবে যদি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ৫,০০,০০০ টাকা হয়।**

**উত্তর :** আমরা জানি যে, আন্তঃ আয় হারে নিট বর্তমান মূল্য = ০

সুতরাং, ১৫% আন্তঃআয় হরে নিট বর্তমান মূল্য "০" হবে।

**iii. এক ধরনের ব্যাংকিং আছে যা খুব সীমিত এলাকায় কাজ করে। এর ব্যবস্থাপনা কেন্দ্রীভূত যা দ্রুত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সহায়তা করে। কিন্তু এই ধরনের ব্যাংকিং অর্থ স্থানান্তরে গুরুতর অসুবিধার সম্মুখীন হয়। এর তারল্য সমস্যাও তীব্র। এটা কী ধরনের ব্যাংকিং? কেন এই ধরনের ব্যাংকিং বিরাজ করে?**

**উত্তর :** যেসকল ব্যাংকিং সীমিত এলাকায় সীমিত শাখার মাধ্যমে কাজ করে বা একক শাখার মাধ্যমে কাজ করে তাকে একক ব্যাংকিং বলে। সাধারণত পর্যাপ্ত মূলধনের অভাব, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ এই সকল কারণে এই ব্যাংকিং বিরাজ করে।

**iv. কোন অর্থনীতিতে ঋণ নিয়ন্ত্রণ করার জন্য কেন্দ্রীয় ব্যাংক কিছু খাতে ঋণের পরিমাণ হ্রাস বা বৃদ্ধি করতে নির্দেশনা দেয় যাতে ঋণ সরবরাহ একটি গ্রহণযোগ্য পর্যায়ে নিয়ে আসা যায়। এ ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের যে নীতি অনুসরণ করে তার নাম কী? এটা কোন ধরনের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি।**

**উত্তর :** ঋণের বরাদ্দ হ্রাস বৃদ্ধি করার মাধ্যমে ঋণ নিয়ন্ত্রণ করার পদ্ধতিকে ঋণের বরাদ্দকরণ নীতি বলে। এটি গুণগত বা নির্বাচনমূলক ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি।

**v. এক ধরনের ঝুঁকি আছে যা ব্যক্তি বা প্রতিষ্ঠানের সৃষ্ট নয়। এটা তাদের নিয়ন্ত্রণের বাইরে। এর প্রভাব ব্যাপক এবং এই ধরনের ঝুঁকির ক্ষতি সাধারণত পূরণযোগ্য নয়। এটা কী ধরনের ঝুঁকি?**

**উত্তর :** যেসকল ঝুঁকি অনিয়ন্ত্রণযোগ্য, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের দ্বারা সৃষ্টি নয় এবং এটি সকলকে প্রভাবিত করে তাকে বাজার ঝুঁকি বা সিস্টেমেটিক ঝুঁকি বলে।

**vi. তহবিলের চাহিদা এবং সরবরাহের মধ্যে অমিলের কারণে ব্যাংকগুলো মাঝে মাঝে তারল্য সংকটের সম্মুখীন হয়। এই সমস্যা থেকে উত্তরণের জন্য ব্যাংক নির্দিষ্ট সুদের হারে স্বল্পমেয়াদি তহবিল ধার করার জন্য আর্থিক বাজারে প্রবেশ করে। এই বাজারের নাম কী? সুদের হারকে বিকল্পভাবে কী বলা হয়?**

**উত্তর :** ব্যাংক অনেক সময় তহবিলের প্রয়োজনে অন্য ব্যাংক থেকে বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ধার নেয়। এই বাজারকে কলমানি বাজার বলে। এবং সুদের হারকে কলমানি রেট বলে।

## ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ২০২০-২১; ইউনিট-গ; সেট-A

**01. জিরো-কুপন বন্ড বিক্রয় করা হয় ——।**

Ⓐ অবহারে Ⓑ অধিহারে Ⓒ বাজার মূল্যে Ⓓ অভিহিত মূল্যে

**A Solve** জিরো-কুপন বন্ড অবহারে বা বাট্টায় বিক্রি করা হয় এবং এক্ষেত্রে কোনো প্রকার সুদ প্রদান করা হয় না। লিখিতমূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্যই হলো বিনিয়োগকারীর মুনাফা। যে বন্ডের কোনো সুদের হার উল্লেখ থাকে না তাকে জিরো কুপন বন্ড বলে।

**02. নিচের কোন দুই প্রকারের আয় শেয়ারহোল্ডারগণ তাদের বিনিয়োগের ওপর সাধারণত পেয়ে থাকে?**

Ⓐ সুদ ও লভ্যাংশ Ⓑ প্রত্যাশিত আয় ও লভ্যাংশ Ⓒ লভ্যাংশ ও মূলধনি লাভ Ⓓ লভ্যাংশ ও মুনাফা

**C Solve** শেয়ারহোল্ডাররা সাধারণত তাদের বিনিয়োগ থেকে মুনাফা পায় যাকে লভ্যাংশ বলে। অনেক সময়, শেয়ারের মূল্য বৃদ্ধি পেলে, সেটা বিক্রি করেও মুনাফা করা যায় যাকে মূলধনি লাভ বলা হয়।

**03. জনাব ইমরান একটি কোম্পানির কাছ থেকে '১০/২০, নিট ১০০' শর্তে ধারে কিছু পণ্য ক্রয় করেন। তাঁর ব্যবসায় ঋণের ব্যয় কত?**

Ⓐ ২০% Ⓑ ৩০% Ⓒ ৪০% Ⓓ ৫০%

**D Solve** $K_{TC} = \frac{CDR}{100 - CDR} \times \frac{360}{CP - DP} \times 100$

$= \frac{10}{100 - 10} \times \frac{360}{100 - 20} \times 100$

$= \frac{10}{90} \times \frac{360}{80} \times 100 = \frac{1}{9} \times \frac{36}{8} \times 100 = \frac{4}{8} \times 100 = \frac{1}{2} \times 100 = 50\%$

এখানে,
CDR = 10
CP = 100
DP = 20



CamScanner

**04. নিচের কোন পদ্ধতির ক্ষেত্রে বিনিয়োগের জন্য একটি প্রকল্প গ্রহণ করতে হলে প্রকল্পের আয়ের হার মূলধন ব্যয় অপেক্ষা বেশি হতে হবে?**

Ⓐ উপার্জনের অভ্যন্তরীণ হার Ⓑ গড় মুনাফা হার Ⓒ নিট বর্তমান মূল্য Ⓓ লাভজনকতার সূচক

**A Solve** উপার্জনের অভ্যন্তরীণ হারের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে সাধারণত মূলধন ব্যয় বা discount rate এর সাথে তুলনা করা হয়। এক্ষেত্রে IRR > Discount Rate হলে, প্রকল্প গ্রহণ করা হয় এবং IRR < Discount Rate হলে প্রকল্পটি বর্জন করা হয়।

**05. কোন ধরনের ঝুঁকি বৈচিত্র্যায়নের মাধ্যমে কমানো যায়?**

Ⓐ কোম্পানি ঝুঁকি Ⓑ সিস্টেমেটিক ঝুঁকি Ⓒ মূল্যস্ফীতি ঝুঁকি Ⓓ রাজনৈতিক ঝুঁকি

**A Solve** কোম্পানি ঝুঁকি বা আনসিস্টেমেটিক রিস্ক পোর্টফোলিও বা বৈচিত্র্যায়নের মাধ্যমে কমানো যায়। কোম্পানি ঝুঁকি পরিহার করা যায় এবং কোম্পানি নিয়ন্ত্রণ করতে পারে। কোম্পানি ঝুঁকি, কোম্পানির নিজস্ব সমস্যা।

**06. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের পরিমাণগত পদ্ধতির অন্তর্ভুক্ত নয়?**

Ⓐ ঋণের বরাদ্দকরণ নীতি Ⓑ ব্যাংক হার নীতি Ⓒ খোলা বাজার নীতি Ⓓ জমার হার পরিবর্তন নীতি

**A Solve** ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের পরিমাণগত পদ্ধতি ৩টি। যথা : (১) ব্যাংক হার নীতি (২) খোলা বাজার নীতি (৩) জমার হার পরিবর্তন নীতি। অন্যদিকে ঋণের বরাদ্দকরণ নীতি হলো ঋণ নিয়ন্ত্রণের গুণগত বা নির্বাচনমূলক পদ্ধতি।

**07. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংক নয়?**

Ⓐ রয়েল মনিটারি অথরিটি অব ভুটান Ⓑ ব্যাংক অব ইংল্যান্ড Ⓒ ফেডারেল রিজার্ভ সিস্টেম Ⓓ ন্যাশনাল ব্যাংক অব কানাডা

**D Solve** কানাডার কেন্দ্রীয় ব্যাংকের নাম Bank of Canada। ন্যাশন্যাল ব্যাংক অব কানাডা কোনো কেন্দ্রীয় ব্যাংক নয়। ব্যাংক অব কানাডা প্রতিষ্ঠিত হয় ১৯৩৪ সালে।

**08. কোনটি বিমাযোগ্য বিশুদ্ধ ঝুঁকির উদাহরণ?**

Ⓐ চুরি Ⓑ শেয়ার বাজারে ক্ষতি Ⓒ অতিমারি Ⓓ রাজনৈতিক অস্থিরতা

**A Solve** যে ঝুঁকির ফলে নিশ্চিত ক্ষতি হয় তাকে বিশুদ্ধ ঝুঁকি বলে। চুরি একটি বিশুদ্ধ ক্ষতি। অতিমারি, শেয়ার বাজারের ক্ষতি, রাজনৈতিক অস্থিরতা ইত্যাদির ফলে ক্ষতি হলেও এগুলো বিমাযোগ্য নয়। যেমন : অগ্নিকাণ্ড বা নৌপথে সৃষ্ট বিপদ যেমন- চুরি, বিমাযোগ্য বিশুদ্ধ ঝুঁকির অন্তর্ভুক্ত।

**09. নিচের কোন ক্ষেত্রে স্বল্পমেয়াদি অর্থায়নের দরকার হয়?**

Ⓐ মেশিন ক্রয় Ⓑ আসবাবপত্র ক্রয় Ⓒ কাঁচামাল ক্রয় Ⓓ দালানকোঠা নির্মাণ

**C Solve** সাধারণত চলতি মূলধন সংগ্রহের জন্য স্বল্পমেয়াদি অর্থায়ন করা হয়। কাঁচামাল ক্রয়, কর্মীদের বেতন প্রদান, বিল পরিশোধ ইত্যাদির জন্য চলতি মূলধনের প্রয়োজন হয়।

**10. কোন হস্তান্তরযোগ্য দলিল একই পক্ষের নিকট দু'বার উপস্থাপন করতে হয়?**

Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ বিনিময় বিল Ⓒ লভ্যাংশ পরোয়ানা Ⓓ চেক

**B Solve** বিনিময় বিল মূলত আদেষ্টা কর্তৃক প্রস্তুতের পর আদিষ্টের নিকট স্বীকৃতির জন্য পাঠানো হয় এবং স্বীকৃতির পর আবার সেটি আদেষ্টার নিকট সংরক্ষণের জন্য পাঠানো হয়। সুতরাং, বিনিময় বিল একই পক্ষের নিকট দু'বার উপস্থাপন করা হয়।

**11. নৌ-বিমায় জাহাজ ভাড়া পণ্য পৌছানোর পর পরিশোধ করা হলে, জাহাজ ভাড়ায় কার বিমাযোগ্য স্বার্থ বিদ্যমান?**

Ⓐ বন্দর কর্তৃপক্ষের Ⓑ ক্লিয়ারিং অ্যান্ড ফরওয়ার্ডিং এজেন্টের Ⓒ পণ্য মালিকের Ⓓ শিপিং কোম্পানির

**D Solve** বিমার ক্ষেত্রে সাধারণত পণ্যের ভাড়ার ওপর জাহাজ মালিক বা Shipping Company এর বিমাযোগ্য স্বার্থ বিদ্যমান থাকে।

**12. নৌ-বিমার ক্ষতির পরিমাণ ও বিমা দাবি আদায় নিচের কোন ক্ষেত্রে সহজ?**

Ⓐ সমুদ্রে পণ্য নিক্ষেপণ Ⓑ উদ্ধারযোগ্য সামগ্রিক ক্ষতি Ⓒ সাধারণ আংশিক ক্ষতি Ⓓ বিশেষ আংশিক ক্ষতি

**B Solve** পণ্য নিক্ষেপণ এবং সাধারণ আংশিক ক্ষতির ক্ষেত্রে ক্ষতি ৩টি পক্ষের মধ্যে বণ্টন হয় যা ক্ষতির পরিমাণ নির্ণয় করা জটিল প্রক্রিয়া। উদ্ধারযোগ্য সামগ্রিক ক্ষতির ক্ষেত্রে ক্ষতির পরিমাণ বৃহৎ হলে ও সেটা উদ্ধারযোগ্য যা নির্ণয় করা অধিকতর সহজসাধ্য।

## লিখিত অংশ

**01. 1. অর্থের সময়মূল্য ধারণাটি ব্যাখ্যা কর।**

**উত্তর : অর্থের সময়মূল্য ধারণা :** সময় পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের যে পরিবর্তন (বেড়ে বা কমে যাওয়া) ঘটে তাকেই অর্থের সময়মূল্য বলে। এ ধারণা থেকে আমরা পাই-

(i) বর্তমানে প্রাপ্ত অর্থ ভবিষ্যতে প্রাপ্ত অর্থের চেয়ে বেশি মূল্যবান।
(ii) বর্তমানে প্রাপ্ত অর্থ নির্দিষ্ট সুদের হারে বিনিয়োগ করা যায়।
(iii) বর্তমানে প্রাপ্ত অর্থ ও ভবিষ্যতে প্রাপ্ত অর্থের পার্থক্যের কারণ হলো সুদের হার।

## ঢাকা বিশ্ববিদ্যালয় : ২০১৯-২০; ইউনিট-গ

01. নিচের কোনটি চলতি মূলধনের উপাদান?
Ⓐ বাণিজ্যিক পত্র Ⓑ ট্রেজারি বিল Ⓒ ডিবেঞ্চার Ⓓ মজুত পণ্য
D Solve চলতি মূলধনের উপাদান = নগদ, প্রাপ্য বিল, মজুত পণ্য ইত্যাদি।

02. বাজার নির্ধারিত সুদের হার ও বন্ডের মূল্যের মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?
Ⓐ সমানুপাতিক Ⓑ নিরপেক্ষ Ⓒ ঋণাত্মক Ⓓ ধনাত্মক
C Solve বাজার নির্ধারিত সুদের হার ও বন্ডের মূল্যের সাথে ঋণাত্মক সম্পর্ক সৃষ্টি হয়। বাজার সুদের হার হ্রাস-বৃদ্ধির কারণে কর্পোরেট বন্ডের মূল্যের পরিবর্তন হয়।

03. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ নয়?
Ⓐ মুদ্রানীতি প্রণয়ন ও বাস্তবায়ন। Ⓑ বৈদেশিক মুদ্রার বাজারে হস্তক্ষেপ নীতি প্রণয়ন ও বাস্তবায়ন।
Ⓒ সরকারি বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ ও ব্যবস্থাপনা। Ⓓ তালিকাবদ্ধ কোম্পানিগুলোর নিয়ন্ত্রণ ও তদারকি।
D Solve কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলিসমূহ হলো নোট ও মুদ্রার প্রচলন, মুদ্রাবাজার পরিচালনা ও নিয়ন্ত্রণ, বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ, সরকারি বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ ও ব্যবস্থাপনা, সরকারের ব্যাংকার হিসেবে কাজ, অন্যান্য ব্যাংকের ব্যাংকার হিসেবে কাজ ইত্যাদি। কিন্তু কেন্দ্রীয় ব্যাংকের কাজ নয় তালিকাবদ্ধ কোম্পানিগুলোর নিয়ন্ত্রণ ও তদারকি।

04. নিচের আর্থিক সম্পদসমূহের মধ্যে কোনটি কম ঝুঁকি থেকে অধিক ঝুঁকির ক্রমধারার তালিকা?
Ⓐ অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার, বন্ড Ⓑ বন্ড, সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার
Ⓒ সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার, বন্ড Ⓓ বন্ড, অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার
D Solve Option গুলোতে আর্থিক সম্পদসমূহের মধ্যে কম ঝুঁকি থেকে অধিক ঝুঁকির ক্রমধারার তালিকা হলো বন্ড, অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার।

05. নিচের কোনটি ব্যবসায়ের অভ্যন্তরীণ মূলধন নয়?
Ⓐ প্রদেয় কর Ⓑ বকেয়া দায়সমূহ Ⓒ অগ্রাধিকার শেয়ার Ⓓ সংরক্ষিত মুনাফা
C Solve প্রদেয় কর, বকেয়া দায়সমূহ এগুলো হলো চলতি দায়, অভ্যন্তরীণ মূলধন হলো সংরক্ষিত মুনাফা, অন্যদিকে অগ্রাধিকার শেয়ার হলো বাহ্যিক মূলধন।

06. নিচের কোনটি জীবনবিমার ক্ষেত্রে প্রযোজ্য নয়?
Ⓐ ক্ষতিপূরণের চুক্তি Ⓑ সমর্পণ মূল্য Ⓒ বিমাযোগ্য স্বার্থ Ⓓ চূড়ান্ত সদ্বিশ্বাস
A Solve জীবনবিমার ক্ষেত্রে প্রযোজ্য নয় ক্ষতিপূরণের চুক্তি। জীবনবিমা হলো নিশ্চয়তার চুক্তি। কারণ মানুষের জীবনের ক্ষতি হলে তা পূরণ করা যায় না।

07. নিচের উৎসসমূহের মধ্যে কোনটির অর্থায়নের খরচ সর্বনিম্ন হবে?
Ⓐ অগ্রাধিকার শেয়ার Ⓑ বন্ড Ⓒ সংরক্ষিত মুনাফা Ⓓ সাধারণ শেয়ার
B Solve ব্যবসায়ে বিভিন্ন উৎস হতে অর্থ সংগ্রহ করতে হয়। আর এসব উৎস থেকে অর্থ সংগ্রহের ব্যয়ও একেক রকম। যেমন- নিজস্ব অর্থায়ন, শেয়ার মূলধন, সংরক্ষিত মুনাফা এবং ঋণকৃত মূলধন বা বন্ড। উৎসসমূহের মধ্যে ঋণকৃত মূলধন বা বন্ড এর অর্থায়নের খরচ সবচেয়ে কম হয়।

08. মূলধন বাজেটিং- এর পদ্ধতিসমূহের মধ্যে নিচের কোনটিতে প্রকল্পের অর্থ সময়মূল্য ও নগদ প্রবাহের বিষয়টি বিবেচনা করে না?
Ⓐ পে-ব্যাক সময় Ⓑ নিট বর্তমান মূল্য Ⓒ আন্তঃআয় হার Ⓓ গড় মুনাফা হার
D Solve মূলধন বাজেটিং এর পদ্ধতিসমূহের মধ্যে গড় মুনাফার হার (ARR) পদ্ধতিটি প্রকল্পের অর্থ সময়মূল্য ও নগদ প্রবাহের বিষয়টি বিবেচনার পরিবর্তে প্রত্যাশিত নিট মুনাফাকে বিবেচনা করে।

09. আধুনিক অগ্নিবিমার জনক কে?
Ⓐ নিকোলাস বারবন Ⓑ ইউজিন ফামা Ⓒ উইলিয়াম ক্যারি Ⓓ ফিসার ব্ল্যাক
A Solve ১৬৮৪ সালে Friendly Society নামে অগ্নিবিমা কোম্পানি গঠিত হয়। আধুনিক অগ্নিবিমার জনক নিকোলাস বারবন। তিনি লন্ডনের বাসিন্দা।



CamScanner

10. কোন ধরনের চেক হস্তান্তরে অনুমোদনের প্রয়োজন নেই?

Ⓐ বাহক চেক Ⓑ দাগ কাটা চেক Ⓒ ভ্রমণকারীর চেক Ⓓ হুকুম চেক

Ⓐ Solve হস্তান্তরে অনুমোদনের প্রয়োজন হয় না বাহক চেক। যে কোনো ব্যক্তি বা বাহক ব্যাংকে উপস্থাপন করে যে চেকের অর্থ সংগ্রহ করতে পারে তাকে বাহক চেক বলে। এই চেকের নামের শেষে 'অথবা বাহককে' শব্দদ্বয় লেখা থাকে।

11. বিনিময় বিলের প্রস্তুতকারী কে?

Ⓐ আদেষ্টা Ⓑ ধারক Ⓒ আদিষ্ট Ⓓ প্রাপক

Ⓐ Solve বিনিময় বিলের চারটি পক্ষ থাকে। যথা-

(i) আদেষ্টা (ii) আদিষ্ট (iii) স্বীকৃতিকারীও (iv) প্রাপক

আদেষ্টা বিল প্রস্তুত করেন এবং আদিষ্ট বা স্বীকৃতিকারী বিলে স্বাক্ষর বা স্বীকৃতি প্রদান করেন। অবশ্য আদিষ্ট ও স্বীকৃতিকারী সাধারণত একই ব্যক্তি হয়ে থাকে।

12. নৌবিমা সর্বপ্রথম চালু হয় কোন দেশে?

Ⓐ গ্রিস Ⓑ ইংল্যান্ড Ⓒ ইতালি Ⓓ ফ্রান্স

Ⓒ Solve নৌবিমা একটি ক্ষতিপূরণের চুক্তি। নৌবিমা সর্বপ্রথম চালু হয় ইতালিতে। আধুনিক নৌবিমার জনক Edward Lloyd যিনি যুক্তরাজ্যের অধিবাসী। Lloyd's আইন পাশ হয় ১৮৭১ সালে।

## লিখিত অংশ

01. একটি ফার্মের মুনাফা সর্বোচ্চকরণ লক্ষ্যের চেয়ে সম্পদ সর্বোচ্চকরণ লক্ষ্য শ্রেয় কেন? ব্যাখ্যা কর।

উত্তর: একটি ফার্মের মুনাফা সর্বোচ্চকরণ লক্ষ্যের চেয়ে সম্পদ সর্বোচ্চকরণের লক্ষ্য শ্রেয়, কারণ:

(১) প্রতিষ্ঠানের মুনাফা সর্বোচ্চকরণের লক্ষ্য হলো শেয়ার প্রতি আয় সর্বোচ্চ করা। অন্যদিকে প্রতিষ্ঠানের সম্পদ সর্বোচ্চকরণের লক্ষ্য হলো শেয়ারের বাজার মূল্য সর্বোচ্চ করা।

(২) মুনাফা সর্বোচ্চকরণের লক্ষ্যে সনাতন পদ্ধতির ধারণা অনুসরণ করা হয়, অন্যদিকে সম্পদ সর্বোচ্চকরণে আধুনিক পদ্ধতির ধারণা অনুসরণ করা হয়।

(৩) মুনাফা সর্বোচ্চকরণের লক্ষ্যে ফার্মের অর্থের সময় মূল্য, নগদ প্রবাহ, লভ্যাংশ সিদ্ধান্ত ও ঝুঁকি বিবেচনা করা হয় না। অন্যদিকে সম্পদ সর্বোচ্চকরণের লক্ষ্যে ফার্মের অর্থের সময় মূল্য, নগদ প্রবাহ, লভ্যাংশ সিদ্ধান্ত ও ঝুঁকি বিবেচনা করা হয়।

(৪) মুনাফা সর্বোচ্চকরণ বাজার ব্যবস্থার সাথে প্রত্যক্ষভাবে জড়িত নয়। অন্যদিকে সম্পদ সর্বোচ্চকরণ শেয়ারের বাজারমূল্য যা সম্পদের নির্দেশক, বাজার ব্যবস্থার সাথে প্রত্যক্ষভাবে জড়িত। তাই মুনাফা সর্বোচ্চকরণের চেয়ে সম্পদ সর্বোচ্চকরণই শ্রেয়।

## ঢাকা বিশ্ববিদ্যালয় : ২০১৮-১৯; ইউনিট-গ

01. নিচের কোনটি অর্থায়নের নীতি নয়?

Ⓐ তারল্য নীতি Ⓑ অর্থের সময়মূল্য নীতি Ⓒ ক্ষতিপূরণের নীতি Ⓓ বৈচিত্র্যায়ন নীতি

Ⓒ Solve অর্থায়নের নীতিমালাগুলো হলো- ঝুঁকি ও মুনাফার নীতি, তারল্যের নীতি, বৈচিত্র্যায়ন নীতি, অর্থের সময়মূল্য নীতি ও লভ্যাংশ নীতি। অন্যদিকে অর্থায়নের নীতি নয় ক্ষতিপূরণের নীতি।

02. নিচের কোনটি সম্পদ সর্বাধিকরণের নির্দেশক?

Ⓐ শেয়ারের ভবিষ্যৎ মূল্য Ⓑ শেয়ারের অন্তর্নিহিত মূল্য Ⓒ শেয়ারের নিট সম্পদ মূল্য Ⓓ শেয়ারের বর্তমান বাজার মূল্য

Ⓓ Solve আর্থিক কাজ দ্বারা প্রতিষ্ঠানের শেয়ারমূল্য বাড়লে তাকে সম্পদ সর্বাধিকরণ বলে। শেয়ারহোল্ডারদের সম্পদ সর্বাধিকরণ প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি লক্ষ্য। ফার্মের মালিকদের সম্পদ পরিমাপ করা হয় শেয়ারের বর্তমান বাজারমূল্য দ্বারা। তাই সম্পদ সর্বাধিকরণের নির্দেশক হলো শেয়ারের বর্তমান বাজারমূল্য।

03. আর্থিক ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিচের কোন বিষয়কে বিবেচনা করা হয় না?

Ⓐ বার্ষিক নিট আয় Ⓑ নিট নগদ প্রবাহ Ⓒ অর্থের সময়মূল্য Ⓓ ঝুঁকি

Ⓐ Solve আর্থিক ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিবেচনা করা হয় নিট নগদ প্রবাহ, অর্থের সময়মূল্য, ঝুঁকি ও অনিশ্চয়তা। অন্যদিকে বিবেচনা করা হয় না বার্ষিক নিট আয়।



CamScanner

# ঢাকা বিশ্ববিদ্যালয় : ২০১৭-১৮; ইউনিট-গ

**01. যে ঝুঁকি ফার্ম উদ্ভূত এবং হ্রাস করা যায় তাকে বলা হয়- (The risk that is firm specific and can be minimized is called-)**

Ⓐ ব্যবসায় ঝুঁকি (business risk)
Ⓑ আনসিস্টেমেটিক ঝুঁকি (unsystematic risk)
Ⓒ আর্থিক ঝুঁকি (financial risk)
Ⓓ সিস্টেমেটিক ঝুঁকি (systematic risk)

**B Solve** কোম্পানির অপর্যাপ্ত মুনাফা ও নগদ প্রবাহের কারণে পরিচালন ব্যয় পরিশোধে ব্যর্থ হওয়ার সম্ভাবনাকে- ব্যবসায়িক ঝুঁকি (Business risk) বলা হয়। অর্থনৈতিক অনিশ্চয়তার কারণে মূলধনের ক্ষতির সম্ভাবনা হলো- আর্থিক ঝুঁকি (Financial risk)। যে ঝুঁকি কোনো নির্দিষ্ট কোম্পানির সাথে সম্পর্কযুক্ত এবং কোম্পানি চাইলেই নিয়ন্ত্রণ/হ্রাস করতে পারে তাকে- আনসিস্টেমেটিক ঝুঁকি (unsystematic risk)/ কোম্পানি ঝুঁকি (Company risk) বলে। কোনো একটি নির্দিষ্ট শেয়ার/সম্পদের মূল্যের দৈনন্দিন তারতম্যের সম্ভাবনাকে সিস্টেমেটিক ঝুঁকি (systematic risk)/ বাজার ঝুঁকি (Market risk) বলে এবং কোম্পানি চাইলেও এ ঝুঁকি হ্রাস করতে পারে না। সুতরাং সঠিক উত্তর হলো আনসিস্টেমেটিক ঝুঁকি (unsystematic risk).

**02. বাংলাদেশ সরকার কত সালের অধ্যাদেশ বলে বিমা ব্যবসায়কে জাতীয়করণ করে? (By which order insurance business in Bangladesh was nationalized by Bangladesh Government?)**

Ⓐ ১৯৭১ (1971)
Ⓑ ১৯৭২ (1972)
Ⓒ ১৯৭৩ (1973)
Ⓓ ১৯৭৪ (1974)

**B Solve** উপমহাদেশে প্রথম বিমা আইন প্রতিষ্ঠিত হয় ১৯২৮ সালে। বর্তমান বিমা কর্পোরেশন আইন ২০১০ সালের। বাংলাদেশে সর্বপ্রথম বেসরকারি খাতে বিমা প্রতিষ্ঠার অনুমতি দেয়া হয় ১৯৮৪ সালে। বিমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ (IDRA) গঠনের আইন পাশ হয়- ২০১০ সালে। বিমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ (IDRA) গঠিত হয়- ২০১১ সালের ২৬ জানুয়ারি। Bangladesh Insurance Academy (BIA) গঠিত হয়- ১৯৭৩ সালে। বাংলাদেশ বিমা অধ্যাদেশ পাশ হয় ১৯৭২ সালে এবং এ অধ্যাদেশ বলেই সকল বিমা ব্যবসায়কে জাতীয়করণ করা হয়। জাতীয় বিমা নীতি ২০১৪ সালের। সুতরাং সঠিক উত্তর হলো ১৯৭২ সাল।

**03. নিচের কোনটি অর্থব্যবস্থার উদ্দেশ্য নয়? (Which of the following is NOT a goal of finance?)**

Ⓐ মুনাফা সর্বাধিকরণ (Profit maximization)
Ⓑ সম্পদ সর্বাধিকরণ (Wealth maximization)
Ⓒ লভ্যাংশ সর্বাধিকরণ (dividend maximization)
Ⓓ ব্যয় হ্রাসকরণ (cost minimization)

**C Solve** অর্থব্যবস্থার প্রধান উদ্দেশ্যসমূহ হলো: মুনাফা সর্বাধিকরণ (স্বল্পমেয়াদি উদ্দেশ্য), সম্পদ সর্বাধিকরণ (দীর্ঘমেয়াদি উদ্দেশ্য), ব্যয় হ্রাসকরণ, প্রতিযোগিতায় টিকে থাকা ইত্যাদি। লভ্যাংশ সর্বাধিকরণ অর্থব্যবস্থার উদ্দেশ্য নয়।

**04. নিচের কোন সিকিউরিটিতে ভোট দানের অধিকার রয়েছে? (Which of the following security has voting right?)**

Ⓐ সাধারণ শেয়ার (Ordinary share)
Ⓑ ডিবেঞ্চার (Debenture)
Ⓒ বন্ড (Bond)
Ⓓ অগ্রাধিকার শেয়ার (Preference share)

**A Solve** কোম্পানি আইন অনুযায়ী যে শেয়ার মালিকদের অধিকার, দায়িত্ব ও কর্তব্য কোম্পানিতে অধিক থাকে অথচ সাধারণ অধিকারের ভিত্তিতে লভ্যাংশ ভোগ করে এবং মূলধন ফেরত পায় তাকে সাধারণ শেয়ার বলে। যে শেয়ার মালিকগণ অগ্রাধিকার ভিত্তিতে নির্দিষ্ট হারে লভ্যাংশ ভোগ করে এবং মূলধন ফেরত পায় তাকে অগ্রাধিকার শেয়ার বলে। অগ্রাধিকার শেয়ার মালিকগণ সাধারণ শেয়ার মালিকদের পূর্বে লভ্যাংশ ও মূলধন ফেরত পায় কিন্তু কোম্পানি পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না এবং পরিচালক নির্বাচনে ভোটও দিতে পারে না। সাধারণ শেয়ার মালিকগণ পরিচালনায় অংশগ্রহণ করতে পারে এবং পরিচালক নির্বাচনে ভোটও দিতে পারে। ডিবেঞ্চার ও বন্ড মালিকগণ হলো কোম্পানির পাওনাদার এবং তারা কোম্পানি পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না এবং পরিচালক নির্বাচনে ভোটও দিতে পারে না। সুতরাং সঠিক উত্তর হলো সাধারণ শেয়ার।

**05. বুল মার্কেট বলতে কী বুঝায়? (What does a bull market mean?)**

Ⓐ একটি অনিশ্চিত বাজার (an unpredictable market)
Ⓑ একটি মূল্য উর্ধ্বমুখী বাজার (a market with rising price)
Ⓒ একটি অত্যধিক মূল্য পরিবর্তনশীল বাজার (a market with high price volatility)
Ⓓ একটি পশুর বাজার (a cattle market)

**B Solve** বুল মার্কেট বলতে একটি মূল্য উর্ধ্বমুখী বাজার বুঝায়। যে বাজারের শেয়ারের দাম ক্রমান্বয়ে বাড়তে থাকে।



CamScanner

**06. কোন বিমার ক্ষেত্রে ক্ষতিপূরণের চুক্তি প্রযোজ্য নয়? (For which insurance the contract of indemnity is not applicable?)**

Ⓐ অগ্নি বিমা (Fire Insurance) Ⓑ জীবন বিমা (Life Insurance)
Ⓒ নৌ বিমা (Marine Insurance) Ⓓ শস্য বিমা (Crop Insurance)

**B Solve** সাধারণ বিমা (অগ্নি বিমা, নৌ বিমা, শস্য বিমা ইত্যাদি) ক্ষতিপূরণের চুক্তি কিন্তু জীবনবিমা হলো নিশ্চয়তার চুক্তি। কারণ জীবনের হানি হলে ক্ষতির পরিমাণ অর্থ দিয়ে পরিমাপ করা যায় না। এক্ষেত্রে ক্ষতিপূরণে চুক্তি কার্যকর হয় না।

**07. নিচের কোন সম্পদটির তারল্য সবচেয়ে কম? (Which of the following asset has least liquidity)**

Ⓐ নগদ (Cash) Ⓑ এফডিআর (FDR) Ⓒ এপার্টমেন্ট (Apartment) Ⓓ বন্ড (Bond)

**C Solve** তরল সম্পদ মানে হলো যে সম্পদকে খুব দ্রুত নগদে রূপান্তর করা যায়। প্রশ্নে চাওয়া হয়েছে, সবচেয়ে কম তারল্য সম্পদ কোনটি। নগদ টাকা হলো সবেচেয়ে বেশি তরল সম্পদ। কারণ এটিকে আর রূপান্তরের প্রয়োজন নাই। বন্ড বিক্রি করে সহজে নগদ টাকা সংগ্রহ করা যায় এবং এফডিআর থেকেও সহজে নগদ টাকা সংগ্রহ করা যায়। উক্ত অপশনগুলোর মধ্যে এপার্টমেন্ট এর তারল্যতা সবচেয়ে কম।

**08. একটি প্রকল্পে ৯,০০,০০০ টাকা বিনিয়োগ করে কর পরবর্তী নিট মুনাফা ১,৩২,৫০০ টাকা পাওয়া যায় এবং এই প্রকল্পের স্থায়ী সম্পত্তির মোট অবচয় ৪,৬৬,২০০ টাকা। প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ কত? (A project yields a net profit after-tax of Tk. 1,32,500 from an investment of Tk. 9,00,000 and the total depreciation of its fixed assets is Tk. 4,66,200. How much is the cash inflow of the project?)**

Ⓐ ৫,৯৮,৭০০ টাকা (Tk. 5,98,700) Ⓑ ৩,৩৩,৭০০ টাকা (Tk. 3,33,700)
Ⓒ ১০,৩২,৫০০ টাকা (10,32,500) Ⓓ ৪,৩৩,৮০০ টাকা (4,33,800)

**A Solve** নগদ আন্তঃপ্রবাহ = করপরবর্তী নিট মুনাফা + অবচয় ।= ১,৩২,৫০০ + ৪,৬৬,২০০ = ৫৯৮৭০০ টাকা।

**09. নিচের কোনটি একটি ফার্মের আর্থিক ঝুঁকি সৃষ্টি করে? (Which of the following leads to financial risk of a firm?)**

Ⓐ বন্ড ইস্যু (Issue of bond) Ⓑ শেয়ার ইস্যু (Issue of common stock)
Ⓒ বন্ড পরিশোধ (Redemption of bond) Ⓓ প্রযুক্তির পরিবর্তন (Change in technology)

**A Solve** দীর্ঘমেয়াদি ঋণ নেবার কারণে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে। বন্ড ইস্যু করার ফলে ঋণের পরিমাণ বাড়ে বলে এটি আর্থিক ঝুঁকি সৃষ্টি করে। সুতরাং সঠিক উত্তর হলো বন্ড ইস্যু।

**10. নিচের কোন ধরনের হিসাবের ক্ষেত্রে চেক বই সরবরাহ করা হয় না? (Which one of the following account does not provide any cheque book?)**

Ⓐ সঞ্চয়ী (Savings) Ⓑ স্থায়ী (Fixed) Ⓒ বিশেষ চলতি (Special current) Ⓓ চলতি (Current)

**B Solve** ব্যাংক হিসাব বিভিন্ন ধরনের হতে পারে। যেমন: ১. চলতি, ২. সঞ্চয়ী এবং ৩. স্থায়ী হিসাব।

**চলতি হিসাব:** এ হিসাবের প্রধান বৈশিষ্ট্য হলো এই হিসাবের মাধ্যমে যতবার ইচ্ছা টাকা জমা ও উত্তোলন করা যায়, এতে সুদ প্রদান করা হয় না, এ হিসাবের প্রধান গ্রাহক হলো ব্যবসায়ী শ্রেণি, এ হিসাবের মাধ্যমে জমাতিরিক্ত ঋণ সুবিধা পাওয়া যায় এবং এ হিসাবের ক্ষেত্রে চেক বই সরবরাহ করা হয়।

**সঞ্চয়ী হিসাব:** এ হিসাবের প্রধান গ্রাহকগণ হলো স্বল্প ও স্থির আয়ের মধ্যবিত্ত শ্রেণির লোকজন, এ হিসাবের উদ্দেশ্য হলো সঞ্চয় করা, এ হিসাবের গ্রাহককে বছরে ২ বার সুদ প্রদান করা হয় এবং চেক বইও প্রদান করা হয়, বাণিজ্যিক ব্যাংক তার আমানতের প্রায় ৯৫% অর্থ সংগ্রহ করে সঞ্চয়ী হিসাবের মাধ্যমে।

**স্থায়ী হিসাব:** নির্দিষ্ট মেয়াদের জন্য এই হিসাব খোলা হয়, সুদের পরিমাণ সবচেয়ে বেশি, চেক বই ইস্যু করা হয় না, তুলনামূলক কম তারল্য সংরক্ষণ করতে হয়, প্রচুর অলস অর্থধারী লোকজন এই হিসাব খুলে থাকে এবং এ হিসাবের পরিচালন ব্যয় তুলনামূলক কম।

**11. নিচের কোনটি আর্থিক বিশ্লেষণের একটি কৌশল? (Which of the following is a technique of financial analysis?)**

Ⓐ সমচ্ছেদ বিশ্লেষণ (Break-even Analysis) Ⓑ নগদ প্রবাহ বিশ্লেষণ (Cash Flows Analysis)
Ⓒ মূলধন বাজেটিং (Capital Budgeting) Ⓓ সিকিউরিটি বিশ্লেষণ (Security Analysis)

**A,B Solve** আর্থিক বিশ্লেষণের হাতিয়ার বা কৌশলসমূহ হলো :

১. নগদ প্রবাহ বিশ্লেষণ (Cash Flow Analysis) ২. ব্রেক-ইভেন বিশ্লেষণ (Break-Even Analysis)
৩. অনুপাত বিশ্লেষণ (Ratio Analysis), ৪. সাধারণ ধারা শতকরা (Trend Percentage)
৫. তুলনামূলক আর্থিক বিবরণী (Comparative Financial Statement Analysis)
৬. সাধারণ আকৃতি বিবরণী (Common Size Financial Statement)y
৭. তহবিল প্রবাহ বিশ্লেষণের (Fund Flow Analysis)

**Note :** উক্ত অপশনগুলোর মধ্যে সমচ্ছেদ বিশ্লেষণ এবং নগদ প্রবাহ বিশ্লেষণ উভয়ই উত্তর হয়।



CS CamScanner

**12. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংক নয়? (Which one of the following is NOT a commercial Bank?)**

Ⓐ পল্লী সঞ্চয় ব্যাংক (Palli Sanchay Bank) Ⓑ উরি ব্যাংক (Woori Bank)
Ⓒ সীমান্ত ব্যাংক (Shimanto Bank) Ⓓ বেসিক ব্যাংক (BASIC Bank)

**A Solve** বাংলাদেশে বর্তমানে ৬১টি তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক রয়েছে, যার মধ্যে প্রাইভেট বাণিজ্যিক ব্যাংক রয়েছে ৪৩টি, সরকারি বাণিজ্যিক ব্যাংক আছে ৬টি, বিশেষায়িত ব্যাংক ৩টি, ইসলামী ব্যাংক ১০টি এবং বিদেশি ব্যাংক আছে ৯টি। উক্ত অপশনগুলোর মধ্যে উরি ব্যাংক হলো বিদেশি ব্যাংক, বেসিক ব্যাংক হলো সরকারি বাণিজ্যিক ব্যাংক এবং সীমান্ত ব্যাংক হলো বাংলাদেশে তালিকাভুক্ত সর্বশেষ বাণিজ্যিক ব্যাংক। বাংলাদেশে বর্তমানে অ-তালিকাভুক্ত ব্যাংক (Non-scheduled Banks) আছে ৬টি। যথা: ১. Ansar VDP Unnayan Bank, 2. Karmasangsthan Bank, 3. Grameen Bank, 4. Jubilee Bank, 5. Palli Sanchay Bank. সুতরাং সঠিক উত্তর হলো পল্লী সঞ্চয় ব্যাংক।

**13. নিচের কোন্ জাতীয় প্রতিষ্ঠান আমানত গ্রহণ করে না? (Which of the following type of institution does not accept deposit?)**

Ⓐ উন্নয়ন ব্যাংক (Development bank) Ⓑ সমবায় ব্যাংক (Cooperative Bank)
Ⓒ বাণিজ্যিক ব্যাংক (Commercial bank) Ⓓ বিনিয়োগ ব্যাংক (Investment bank)

**D Solve** সমবায়ের ভিত্তিতে সমবায় আইনের আওতায় গঠিত ও পরিচালিত যে ব্যাংক সমিতির সদস্যদের অর্থনৈতিক কল্যাণের জন্য তাদেরকে স্বল্পসুদে ঋণ দেয় এবং আমানত গ্রহণ করে মূলধন গঠন করে তাকে সমবায় ব্যাংক বলে। দেশের ব্যবসায় প্রতিষ্ঠানসমূহকে স্বল্পমেয়াদি মূলধন সরবরাহের লক্ষ্যে যে বিশেষায়িত ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে উন্নয়ন ব্যাংক বলে। মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে ব্যাংক স্বল্পসুদে জনগণের অর্থ আমানত হিসাবে জমা রাখে, অধিক সুদে ঋণ দেওয়াসহ অন্যান্য বিভিন্ন ব্যাংকিং সুবিধা প্রদান করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে।

**14. নিচের কোনটি ফার্মের নগদ আন্তঃপ্রবাহ? (Which of the following is a cash inflow to a firm?)**

Ⓐ প্রাপ্য বিলের হ্রাস (Decrease in bills receivables) Ⓑ প্রাপ্য বিলের বৃদ্ধি (Increase in bills receivables)
Ⓒ প্রদেয় বিলের হ্রাস (Decrease in bills payables) Ⓓ প্রদেয় সুদের হ্রাস (Decrease in interest payables)

**A Solve** একটি ফার্মের নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের তালিকা নিম্নরূপ:

| | |
|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ (Cash inflow) | • নগদে পণ্য বিক্রয়, ক্রেতাদের নিকট থেকে প্রাপ্তি, সুদ প্রাপ্তি, কমিশন প্রাপ্তি, প্রাপ্য বিল হ্রাস, লভ্যাংশ প্রাপ্তি, প্রদেয় বিলের বৃদ্ধি, মজুতপণ্য হ্রাস, প্রদেয় সুদ বৃদ্ধি, স্থায়ী সম্পত্তি বিক্রয়, ঋণ গ্রহণ, প্রদেয় নোট বৃদ্ধি, শেয়ার, বন্ড ইস্যু |
| নগদ বহিঃপ্রবাহ (Cash outflow) | • নগদে পণ্য ক্রয়, সরবরাহকারীকে নগদ প্রদান, সুদ প্রদান, কর্মীদের বেতন ও মজুরি প্রদান, প্রাপ্য বিলের বৃদ্ধি, লভ্যাংশ প্রদান, প্রদেয় বিলের হ্রাস, মজুতপণ্য বৃদ্ধি, প্রদেয় সুদ হ্রাস, স্থায়ী সম্পত্তি ক্রয়, ঋণ প্রদান, প্রদেয় নোট হ্রাস, ঋণের আসল পরিশোধ |

উপরের অপশনগুলোর মধ্যে প্রাপ্য বিলের বৃদ্ধি, প্রদেয় বিলের হ্রাস এবং প্রদেয় সুদের হ্রাস হলো নগদ বহিঃপ্রবাহের উৎস এবং প্রাপ্য বিলের হ্রাস হলো নগদ আন্তঃপ্রবাহের উৎস।

**15. নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিলের উদাহরণ নয়? (Which one of the following is NOT an example of negotiable instrument?)**

Ⓐ ব্যাংক ক্রেডিট কার্ড (Bank credit card) Ⓑ ব্যাংক ড্রাফ্ট (Bank draft)
Ⓒ ব্যাংক নোট (Bank notes) Ⓓ ব্যাংক চেক (Bank cheque)

**A Solve**

| | |
|---|---|
| হস্তান্তরযোগ্য দলিলসমূহ | অঙ্গীকারপত্র, বিনিময় বিল, চেক, শেয়ার ওয়ারেন্ট, লভ্যাংশ পরোয়ানা, ব্যাংক নোট, ব্যাংক ড্রাফট, চেক। |
| হস্তান্তরঅযোগ্য দলিলসমূহ | পে-অর্ডার, পোস্টাল অর্ডার, প্রত্যয়পত্র, শেয়ার সার্টিফিকেট, মানি অর্ডার, ফিক্সড ডিপোজিট, IOU, ব্যাংক ক্রেডিট কার্ড |

**16. ব্রিজ লোন কী? (What is bridge loan?)**

Ⓐ অন্তর্বর্তীকালীন স্বল্পমেয়াদি ঋণ (Interim short term loan)
Ⓑ দীর্ঘমেয়াদি ঋণ (Long term loan)
Ⓒ ব্রিজ তৈরির জন্য ঋণ (Loan for constructing bridge)
Ⓓ বন্ধকি ঋণ (Mortgage loan)

**A Solve** অন্তর্বর্তীকালীন স্বল্পমেয়াদি ঋণকে ব্রিজ লোন বলে। এ ঋণের মেয়াদ খুব কম সময় হয়ে থাকে।



CamScanner

17. কোনটি ব্যাংক তহবিলের প্রধান উৎস? (Which is the main source of Bank fund?)
Ⓐ পরিশোধিত মূলধন (Paid-up capital)
Ⓑ সঞ্চিত তহবিল (Reserve fund)
Ⓒ কেন্দ্রীয় ব্যাংকের ঋণ (Borrowing from the Central Bank)
Ⓓ আমানত (Deposit)

Ⓓ Solve বিভিন্ন উৎস হতে ব্যাংক কর্তৃক যে নগদ অর্থ সংগৃহীত হয় তাকে ব্যাংকের তহবিল বলে। সময়ের দিক থেকে ব্যাংক তহবিলের উৎসকে প্রধানত দুভাগে ভাগ করা হয়। যথা: স্বল্পমেয়াদি উৎস ও দীর্ঘমেয়াদি উৎস।

| | |
|---|---|
| স্বল্পমেয়াদি উৎস | আমানত হিসাব, কেন্দ্রীয় ব্যাংক থেকে গৃহীত ঋণ, মুদ্রাবাজার থেকে গৃহীত ঋণ, অবণ্টিত মুনাফা, ঋণ ক্ষতি সঞ্চিতি হিসাব |
| দীর্ঘমেয়াদি উৎস | পরিশোধিত মূলধন, সঞ্চিতি তহবিল, বিশেষ আমানত হিসাব, ঋণপত্র বা সিকিউরিটিজ ক্রয় |

উপরিউক্ত উৎসগুলোর মধ্যে আমানত হিসাব হলো ব্যাংক তহবিলের প্রধান উৎস। কারণ ব্যাংক বিভিন্ন হিসাবের মাধ্যমে জনগণের টাকা জমা রাখে এবং উক্ত টাকা থেকে ক্রেতাদের ঋণদান করে।

18. নিচের কোনটি সরকারি নোট হিসাবে গণ্য হয়? (Which one of the following notes is regarded as government note?)
Ⓐ ১০০ টাকা (Tk. 100) Ⓑ ১০ টাকা (Tk. 10) Ⓒ ৫০ টাকা (Tk. 50) Ⓓ ৫ টাকা (Tk. 5)

Ⓓ Solve সরকারি নোট ইস্যু করে সরকারের অর্থ মন্ত্রণালয় এবং এতে স্বাক্ষর করেন অর্থ সচিব এবং বাংলাদেশে ৩টি (১ টাকা, ২ টাকা এবং ৫ টাকার নোট) সরকারি নোট রয়েছে। ব্যাংক নোট ইস্যু করে বাংলাদেশ ব্যাংক এবং এতে স্বাক্ষর করেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর। ব্যাংক নোটের উদাহরণ হলো: ১০, ২০, ৫০, ১০০, ৫০০ ও ১০০০ টাকার নোট। সুতরাং সঠিক উত্তর হলো ৫ টাকার নোট।

19. ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকের নিকট নিম্নের কোন জামানতটি অধিক পছন্দনীয়? (Which one of the following is most preferred by a bank as security of loan?)
Ⓐ প্রত্যয়পত্র (Letter of credit) Ⓑ শেয়ার (Share)
Ⓒ স্থায়ী আমানতের রসিদ (Fixed Deposit Receipt) Ⓓ ঋণপত্র (Debenture)

Ⓒ Solve ব্যাংক গ্রাহককে প্রদত্ত ঋণের টাকা ফেরত পাবার জন্য গ্রাহকের কাছ থেকে যে স্থাবর-অস্থাবর সম্পত্তি বা ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করে তাকে ব্যাংক ঋণের জামানত বলা হয়। এই জামানতকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথা: (i) ব্যক্তিক জামানত (ii) অব্যক্তিক জামানত। ঋণ গ্রহণের সময় ঋণগ্রহীতা কোনো প্রকার সম্পত্তি বন্ধক না দিয়ে যদি শুধু নিজস্ব গ্যারান্টি বা নিশ্চয়তা প্রদান করে অথবা তৃতীয় কোনো ব্যক্তির ব্যক্তিগত নিশ্চয়তার ব্যবস্থা করে দেয়, তাহলে উক্ত নিশ্চয়তাকে ব্যক্তিক জামানত বলে। ব্যাংক যখন ঋণগ্রহীতার নিকট থেকে জমি, দালানকোঠা, পণ্যদ্রব্য ইত্যাদি স্থাবর ও অস্থাবর সম্পত্তি জামানত রেখে ঋণ মঞ্জুর করে তখন ঐ জামানতকে নৈর্ব্যক্তিক বা অব্যক্তিক জামানত বলে। অব্যক্তিক জামানতের উদাহরণ হলো পূর্বস্বত্ব, পণ্যবন্ধক, স্থাবর সম্পত্তি বন্ধক, দখলহীন বন্ধক ইত্যাদি। উপরিউক্ত অপশনগুলো হলো অব্যক্তিক জামানতের উদাহরণ এবং উক্ত অপশনগুলোর মধ্যে স্থায়ী আমানতের রসিদ ব্যাংকের নিকট অধিক গ্রহণযোগ্য।

20. নিচের কোন্ সিকিউরিটি বাট্টায় বিক্রি হয় এবং লিখিত মূল্যে পরিশোধিত হয়? (Which of the following security is sold at discount and redeemed at per value?)
Ⓐ বোনাস শেয়ার (Bonus Share) Ⓑ ট্রেজারি বিল (Treasury bill)
Ⓒ অগ্রাধিকার শেয়ার (Preference share) Ⓓ রাইট শেয়ার (Right share)

Ⓑ Solve নগদ লভ্যাংশ প্রদানের পরিবর্তে বোনাস শেয়ার ইস্যু করা হয়। ভবিষ্যতের কোনো নির্দিষ্ট তারিখে পরিশোধ করার অঙ্গীকার করে সরকার যে স্বল্পমেয়াদি অঙ্গীকারপত্র ইস্যু করে তাকে ট্রেজারি বিল বলে। ট্রেজারি বিল নির্ধারিত মূল্যের চেয়ে কম মূল্যে (বাট্টায়) বিক্রয় করা হয়, কারণ এই বিলের ওপর কোনো কুপন সুদ নেই। নির্ধারিত মূল্য (Face Value) এবং বিক্রয় মূল্যের পার্থক্য হলো ট্রেজারি বিল ক্রয়কারী প্রতিষ্ঠানের সুদ বা প্রাপ্তি। আইন অনুযায়ী যে শেয়ার মালিকগণ অগ্রাধিকার ভিত্তিতে নির্দিষ্ট হারে লভ্যাংশ ভোগ করে এবং মূলধন ফেরত পায় তাকে অগ্রাধিকার শেয়ার বলে। কোনো কোম্পানি অধিকতর মূলধন সংগ্রহের উদ্দেশ্যে নতুন শেয়ার বিলির সিদ্ধান্ত গ্রহণের সময় তার সম্পূর্ণ বা অংশবিশেষ ক্রয়ের অধিকার আনুপাতিক হারে পুরাতন শেয়ারহোল্ডারদের জন্য সংরক্ষণ করলে তাকে অধিকারযোগ্য শেয়ার বলে। উপরিউক্ত অপশনগুলোর মধ্যে ট্রেজারি বিল হলো সঠিক উত্তর।



CS CamScanner

## ঢাকা বিশ্ববিদ্যালয় : ২০১৬-১৭; ইউনিট-গ

**01. To whom the right shares are issued?** (কাদের নিকট রাইট শেয়ার ইস্যু করা হয়?)

Ⓐ Potential shareholders Ⓑ Sponsor directors Ⓒ Existing shareholders
Ⓓ Management Ⓔ Elected directors

**Ans Ⓒ Solve** রাইট/অধিকার শেয়ার বর্তমান শেয়ার হোল্ডারদের মাঝে ইস্যু করা হয়।

**02. Which of the following securities has prior claim on income and assets?** (নিম্নের কোন সিকিউরিটিতে আয় ও সম্পদের ওপর অগ্রাধিকার রয়েছে?)

Ⓐ Ordinary share Ⓑ Bond Ⓒ Preference share
Ⓓ debenture Ⓔ Bonus share

**Ans Ⓑ Solve** বন্ডে কোম্পানির আয় ও সম্পদের ওপর অগ্রাধিকার রয়েছে। মুনাফা বণ্টনের সময় এবং সম্পদের ওপর দাবি পরিশোধের সময় বন্ড হোল্ডারগণ অন্যান্য শেয়ারহোল্ডার থেকে অগ্রাধিকার পায়।

**03. Which of the following asset has the hightest liquidity?** (নিম্নের কোন সম্পদের তারল্য সবচেয়ে বেশি?)

Ⓐ Share Ⓑ Bond Ⓒ FDR
Ⓓ Inventory Ⓔ Treasury bill

**Ans Ⓔ Solve** সরকার কর্তৃক ইস্যুকৃত বিলকে বলা হয় Treasury Bill (সংক্ষেপে T-Bill). T-Bill এর মাধ্যমিক বাজার (Secondary market) খুবই সক্রিয় থাকায় T-Bill এর তারল্য বাকি সব সিকিউরিটিস এর তুলনায় অনেক বেশি। তাছাড়া Govt. কর্তৃক ইস্যুকৃত হওয়ায় এর default risk নেই বললেই চলে। এসব কারণে T-Bill কে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয়, এবং এর তারল্য সব থেকে বেশি।

**04. Which is the most important item reported in the Income Statement that shows the results of operations during the past year?** (বিগত বছরের কার্যক্রমের ফলাফল প্রকাশে আয়-ব্যয় বিবরণীর কোন বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ)

Ⓐ Gross profit after tax Ⓑ Net profit before tax Ⓒ Net profit after tax
Ⓓ Earnings per Share Ⓔ A & D

**Ans Ⓒ Solve** বিগত বছরের কার্যক্রমের ফলাফল মূল্যায়নের ক্ষেত্রে Net Profit after Tax কে সবথেকে গুরুত্বপূর্ণ বিবেচনা করা হয়। কারণ এটি প্রতিষ্ঠানের দক্ষতার সঙ্গে মুনাফা অর্জন করেছে তার নির্দেশনা হলো ঐ বছরের Net Profit after Tax. তাই বিগত বছরের কার্যক্রমের ফলাফল প্রকাশের আয়-ব্যয় বিবরণীর Net Profit after Tax বিষয়টি গুরুত্বপূর্ণ।

**05. Which one of the following is an institute under the financial Institutions Act, 1993?** (নিচের কোনটি ১৯৯৩ সালের ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশন আইনের অধীন একটি প্রতিষ্ঠান?)

Ⓐ Sonali Bank Ltd. Ⓑ United Leasing Company Ltd. Ⓒ Exim Bank Ltd.
Ⓓ Uttara Bank Ltd. Ⓔ B & C

**Ans Ⓑ Solve** ১৯৯৩ সালের Financial Institution Act এর অধীনে শুধু Non-Bank Financial Institutions পরিচালিত হয়। অপশন A, C, D তে Bank প্রতিষ্ঠান রয়েছে। Banking Financial Institutions গঠিত ও পরিচালিত হয় ১৯৯১ সালের Banking Companies Act এর অধীনে।

**06. Which of the following is not a cash outflow for a firm?** (কোনটি প্রতিষ্ঠানের জন্য নগদের বহির্মুখী প্রবাহ নয়?)

Ⓐ Dividends Ⓑ Interest payments Ⓒ Taxes
Ⓓ Depreciation Ⓔ Utilities

**Ans Ⓓ Solve** একটি প্রতিষ্ঠানের নগদ অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ সৃষ্টির মাধ্যমগুলো নিম্নরূপ:

| | |
|---|---|
| নগদ অন্তঃপ্রবাহ (Cash inflow) | নগদে পণ্য বিক্রয়, ক্রেতাদের নিকট থেকে প্রাপ্তি, সুদ প্রাপ্তি, কমিশন প্রাপ্তি, প্রাপ্য হিসাব হ্রাস, লভ্যাংশ প্রাপ্তি, প্রদেয় হিসাব বৃদ্ধি, মজুতপণ্য হ্রাস, প্রদেয় সুদ বৃদ্ধি, স্থায়ী সম্পত্তি বিক্রয়, ঋণ গ্রহণ, প্রদেয় নোট বৃদ্ধি, শেয়ার, বন্ড ইস্যু। |
| নগদ বহিঃপ্রবাহ (Cash outflow) | নগদে পণ্য ক্রয়, সরবরাহকারীকে নগদ প্রদান, সুদ প্রদান, কর্মীদের বেতন, মজুরি প্রদান, প্রাপ্য হিসাব বৃদ্ধি, লভ্যাংশ প্রদান, প্রদেয় হিসাব হ্রাস, মজুতপণ্য বৃদ্ধি, প্রদেয় সুদ হ্রাস, স্থায়ী সম্পত্তি ক্রয়, ঋণ প্রদান, প্রদেয় নোট হ্রাস, ঋণের আসল পরিশোধ |

অবচয় একটি অনগদ লেনদেন। এর ফলে কোনো নগদ প্রবাহ ঘটে না। তাই এটি প্রতিষ্ঠানের জন্য কোনো নগদের বহির্মুখী প্রবাহ নয়।



CamScanner

07. How will the risk premium be ... [illegible]

Ⓐ Positive
Ⓑ Negative
Ⓓ One
Ⓔ Equal

Ⓑ Solve CAPM মতে এ Required rate of Return নির্ণয়ে Market ... যেখানে $R_m$ হলো Market risk এবং $R_f$ হলো Risk free rate. তাই $R_f$ যদি $R_m$ এর চেয়ে ... risk premium, Negative হয়। নিম্নে Market risk premium সৃষ্টির Condition গুলো তুলে ধরা হলো-

| Condition | Return | Risk Premium |
|---|---|---|
| $R_m > R_f$ | শেয়ারহোল্ডারগণ বেশি Return পায়। | Positive |
| $R_m < R_f$ | শেয়ারহোল্ডারগণ কম Return পায়। | Negative |
| $R_m = R_f$ | শেয়ারহোল্ডারগণ ঝুঁকিহীন Return পায়। | Zero |

08. Due to diversification of portfolio, the risk ——. (পোর্টফোলিও বৈচিত্র্যায়নের ফলে ঝুঁকি-)

Ⓐ increases to some extent
Ⓑ remains the same
Ⓒ increases significantly
Ⓓ reduces
Ⓔ is not affected

Ⓓ Solve একাধিক সিকিউরিটিতে বিনিয়োগ করাকে পোর্টফোলিও বা শস্যকোষ বিনিয়োগ বলে। পোর্টফোলিও নীতির মূলকথা একটি প্রকল্পে অনেক পরিমাণ অর্থ বিনিয়োগ না করে অনেকগুলো প্রকল্পে বিনিয়োগ করা যাতে একটি প্রকল্প ক্ষতিগ্রস্ত হলে অন্যান্য প্রকল্প সেই ক্ষতি পূরণ করতে পারে। এই পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য হলো- ঝুঁকি হ্রাস করা।

09. A saving account earns 4%. If the saver is in a 28% tax bracket, the after tax rate of return on saving would be —— percent. একটি সঞ্চয় হিসাবের সুদের হার ৪%। যদি একজন সঞ্চয়কারীর আয়ের উপর ২৮% হারে কর দিতে হয়, তবে সঞ্চয়ের উপর করপরবর্তী আয়ের শতকরা হার হবে-

Ⓐ 28.0
Ⓑ 16.72
Ⓒ 4.0
Ⓓ 2.88
Ⓔ 1.12

Ⓓ Solve করপরবর্তী আয়ের শতকরা হার = করপূর্ব × (১- কর) = .০৪ × (১-.২৮) = .০৪ × .৭২ = ২.৮৮

10. Risk of a single asset is usually measured by which of the following? (নিচের কোনটি দিয়ে একক সম্পদের ঝুঁকি পরিমাপ করা হয়?)

Ⓐ variance
Ⓑ Standard deviation
Ⓒ Coefficient of variation
Ⓓ Correlation
Ⓔ Covariance

Ⓑ Solve Standard deviation এর মাধ্যমে ঝুঁকি পরিমাপ করা হয়, প্রত্যাশিত মুনাফা (Expected Return) থেকে Return কতটুকু বিচ্যুতি ঘটেছে, বা ঘটতে পারে সেই ঝুঁকি পরিমাপ করা হয় SD এর মাধ্যমে।

11. Which of the following is not a feature of a Bond? (নিচের কোনটি বন্ডের বৈশিষ্ট্য নয়?)

Ⓐ Indenture Agreement
Ⓑ Protective Covenants
Ⓒ Principal
Ⓓ Coupon
Ⓔ Residual Claim

Ⓔ Solve Residual Claim মানে হচ্ছে "সবার শেষে দাবি পরিশোধ" কিন্তু আমরা জানি Bond এর দাবি সবার ...

12. Which one is a hybrid security? (কোনটি শঙ্কর সিকিউরিটি?)

Ⓐ Treasury Bill
Ⓑ Bond
Ⓒ Stock
Ⓓ Repurchase Agreement
Ⓔ Preferred Stock

Ⓔ Solve Preference Share হলো Debt ও Equity এর সংমিশ্রণ। তাই একে শঙ্কর সিকিউরিটি বলা হয়।

13. Which of the following is not a source of short-term financing? (নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থায়নের ...)

Ⓐ Trade credit
Ⓑ Transaction Loan
Ⓒ Line of Credit
Ⓓ Retained Earnings
Ⓔ Treasury Bill

Ⓓ Solve

| | | |
|---|---|---|
| দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস | অভ্যন্তরীণ | সংরক্ষিত মুনাফা, অবচয় তহবিল, ক্ষতিপূরণ তহবিল, সম্পদ বিক্রয়। |
| | বাহ্যিক | শেয়ার, ঋণপত্র, বন্ড, ইজারা প্রতিষ্ঠান, বিনিয়োগ ব্যাংক ইত্যাদি। |
| স্বল্পমেয়াদি অর্থায়নের উৎস | স্বতঃস্ফূর্ত অর্থায়ন (ব্যবসায় ঋণ, ক্রেতাদের নিকট হতে ঋণ, বকেয়া খরচ), মুদ্রা ... (বাণিজ্যিক কাগজ, ব্যাংকের স্বীকৃতিপত্র), ব্যাংক ঋণ (লেনদেন ঋণ, ঋণ রেখা, ...) প্রাপ্য বিলের মাধ্যমে, মজুতপণ্য বন্ধক, প্রাপ্যবিল ফ্যাক্টরিং) | |

Option গুলোর মধ্যে শুধু D Option টি Short-term financing Source নয়। Retained Earnings ... ও দীর্ঘমেয়াদি অর্থায়নের অভ্যন্তরীণ উৎস।



CamScanner

**07. How will the risk premium be if $R_m < R_f$. ($R_m < R_f$ হলে ঝুঁকি প্রিমিয়াম কেমন হবে?)**

Ⓐ Positive Ⓑ Negative Ⓒ Zero
Ⓓ One Ⓔ Equal

**B Solve** CAPM মডেল এ Required rate of Return নির্ণয়ে Market risk Premium ($R_m$-$R_f$) ব্যবহৃত হয়। যেখানে $R_m$ হলে Market risk এবং $R_f$ হলো Risk free rate. তাই $R_f$ যদি $R_m$ এর থেকে বেশি হয় তাহলে Market risk premium, Negative হয়। নিম্নে Market risk premium সৃষ্টির Condition গুলো তুলে ধরা হলো -

| Condition | Return | Risk Premium |
|---|---|---|
| $R_m > R_f$ | শেয়ারহোল্ডারগণ বেশি Return পায়। | Positive |
| $R_m < R_f$ | শেয়ারহোল্ডারগণ কম Return পায়। | Negative |
| $R_m = R_f$ | শেয়ারহোল্ডারগণ ঝুঁকিহীন Return পায়। | Zero |

**08. Due to diversification of portfolio, the risk ——. (পোর্টফোলিও বৈচিত্র্যায়নের ফলে ঝুঁকি-)**

Ⓐ increases to some extent Ⓑ remains the same Ⓒ increases significantly
Ⓓ reduces Ⓔ is not affected

**D Solve** একাধিক সিকিউরিটিতে বিনিয়োগ করাকে পোর্টফোলিও বা পত্রকোষ বিনিয়োগ বলে। পোর্টফোলিও নীতির মূলকথা হলো একটি প্রকল্পে অনেক পরিমাণ অর্থ বিনিয়োগ না করে অনেকগুলো প্রকল্পে বিনিয়োগ করা যাতে একটি প্রকল্প ক্ষতিগ্রস্ত হলে অন্যান্য প্রকল্পগুলো সেই ক্ষতি পূরণ করতে পারে। এই পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য হলো- ঝুঁকি হ্রাস করা।

**09. A saving account earns 4%. If the saver is in a 28% tax bracker, the after tax rate of return on saving would be —— percent. একটি সঞ্চয় হিসাবের সুদের হার ৪%। যদি একজন সঞ্চয়কারীর আয়ের উপর ২৮% হারে কর দিতে হয়, তবে সঞ্চয়ের উপর করপরবর্তী আয়ের শতকরা হার হবে-**

Ⓐ 28.0 Ⓑ 16.72 Ⓒ 4.0 Ⓓ 2.88 Ⓔ 1.12

**D Solve** করপরবর্তী আয়ের শতকরা হার = করপূর্ব × (১- কর) = .০৪ × (১- .২৮) = .০৪ × .৭২ = ২.৮৮

**10. Risk of a single asset is usually measured by which of the following? (নিচের কোনটি দিয়ে একক ঝুঁকি পরিমাণ করা হয়?)**

Ⓐ variance Ⓑ Standard deviation Ⓒ Coefficient of variation
Ⓓ Correlation Ⓔ Covariance

**B Solve** Standard deviation এর মাধ্যমে ঝুঁকি পরিমাপ করা হয়, প্রত্যাশিত মুনাফা (Expected Return) থেকে Actual Return কতটুকু বিচ্যুতি ঘটেছে, বা ঘটতে পারে সেই ঝুঁকি পরিমাপ করা হয় SD এর মাধ্যমে।

**11. Which of the following is not a feature of a Bond? (নিচের কোনটি বন্ডের বৈশিষ্ট্য নয়?)**

Ⓐ Indenture Agreement Ⓑ Protective Covenants Ⓒ Principal
Ⓓ Coupon Ⓔ Residual Claim

**E Solve** Residual Claim মানে হচ্ছে 'সবার শেষে দাবি পরিশোধ" কিন্তু আমরা জানি Bond এর দাবি সবার

**12. Which one is a hybrid security? (কোনটি শঙ্কর সিকিউরিটি?)**

Ⓐ Treasury Bill Ⓑ Bond Ⓒ Stock
Ⓓ Repurchase Agreement Ⓔ Preferred Stock

**E Solve** Preference Share হলো Debt ও Equity এর সংমিশ্রণ। তাই একে শঙ্কর সিকিউরিটি বলা হয়।

**13. Which of the following is not a source of short-term financing? (নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থায়নের উৎস নয়?)**

Ⓐ Trade credit Ⓑ Transaction Loan Ⓒ Line of Credit
Ⓓ Retained Earnings Ⓔ Treasury Bill

**D Solve**

| | | |
|---|---|---|
| দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস | অভ্যন্তরীণ | সংরক্ষিত মুনাফা, অবচয় তহবিল, ক্ষতিপূরণ তহবিল, সম্পদ বিক্রয়। |
| | বাহ্যিক | শেয়ার, ঋণপত্র, বন্ড, ইজারা প্রতিষ্ঠান, বিনিয়োগ ব্যাংক ইত্যাদি। |
| স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎস | স্বতঃস্ফূর্ত অর্থায়ন (ব্যবসায় ঋণ, ক্রেতাদের নিকট হতে ঋণ, বকেয়া খরচ), মুদ্রা বাজার ঋণ (বাণিজ্যিক কাগজ, ব্যাংকের স্বীকৃতিপত্র), ব্যাংক ঋণ (লেনদেন ঋণ, ঋণ রেখা, ঘূর্ণায়মান ঋণ, প্রাপ্য বিলের মাধ্যমে, মজুতপণ্য বন্ধক, প্রাপ্যবিল ফ্যাক্টরিং) | |

Option গুলোর মধ্যে শুধু D Option টি Short-term financing Source নয়। Retained Earnings হলো মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি অর্থায়নের অভ্যন্তরীণ উৎস।



CamScanner

**14. Which of the following is not a commercial Bank? (নিম্নের কোনটি বাণিজ্যিক ব্যাংক নয়?)**

Ⓐ Sonali Bank Ltd. Ⓑ Agrani Bank Ltd. Ⓒ State Bank of India
Ⓓ International Finance Corporation
Ⓔ International Finance Investment & Commerce bank Ltd.

Ans Ⓓ Solve Sonali Bank Ltd., Agrani Bank Ltd. State Bank of India, International Finance Investment & Commerce Bank Ltd. হলো বাংলাদেশে তালিকাভুক্ত ৫৭টি ব্যাংকের মধ্যে ৪টি ব্যাংক কিন্তু International Finance Corporation (IFC) বাংলাদেশে তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক নয়। এটি বিশ্বব্যাংক গ্রুপের একটি শাখা ব্যাংক যার প্রধান কাজ হলো বিশ্বে ব্যক্তিমালিকানাধীন খাতের উন্নয়নে ঋণ প্রদান করা। উল্লেখ্য, বিশ্বব্যাংক গ্রুপের ৫টি শাখা ব্যাংক রয়েছে। যথা: IBRD, IDA, IFC, ICSID, MIGA.

**15. By whom the insurance companies are regulated in Bangladesh? (বাংলাদেশে বিমা কোম্পানি কার দ্বারা নিয়ন্ত্রিত হয়?)**

Ⓐ Insurance Development and Regulatory Authority
Ⓑ Bangladesh Securities and Exchange Commission
Ⓒ Bangladesh Bank
Ⓓ Insurance Academy
Ⓔ Microcredit Regulatory Authority

Ans Ⓐ Solve বাংলাদেশে বিমা কোম্পানি নিয়ন্ত্রণ করে Insurance Development and Regulatory Authority (IDRA), মূলধন বাজার (শেয়ার বাজার, বন্ড বাজার) নিয়ন্ত্রণ করে Bangladesh Securities and Exchange Commission (BSEC), মুদ্রা বাজার (বাণিজ্যিক ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান) নিয়ন্ত্রণ করে Bangladesh Bank (BB), ক্ষুদ্র ঋণ ব্যবস্থা নিয়ন্ত্রণ করে-Microcredit Regulatory Authority (MRA)

**16. Which one of the following is not a long-term financial instrument? (নিচের কোনটি দীর্ঘমেয়াদি আর্থিক দলিল নয়?)**

Ⓐ Common Stock Ⓑ Commercial Paper Ⓒ Preferred Stock
Ⓓ Mortagaged Bond Ⓔ Debenture

Ans Ⓑ Solve একটি প্রতিষ্ঠানের স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎসসমূহ নিম্নরূপ :

| | |
|---|---|
| স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎস | ✓ ট্রেজারি বিল (Treasury Bill)<br>✓ বাণিজ্যিক কাগজ (Commercial Paper)<br>✓ ব্যাংকের স্বীকৃতিপত্র (Banker's Acceptance)<br>✓ পুনঃক্রয় চুক্তি (Repurchase Agreement)<br>✓ হস্তান্তরযোগ্য আমানত সার্টিফিকেট (Negotiable Certificate of Deposit)<br>✓ কল মানি বাজার (Call Money Market) |
| দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস | ✓ সাধারণ শেয়ার (Ordinary share)<br>✓ অগ্রাধিকার শেয়ার (Preferred share)<br>✓ বন্ড (Bond)<br>✓ ডিবেঞ্চার (Debenture)<br>✓ ট্রেজারি বন্ড (Treasury bond)<br>✓ মর্টগেজ লোন (Mortgage loan) |

উক্ত অপশনগুলোর মধ্যে Commercial paper দীর্ঘমেয়াদি আর্থিক দলিল নয়, এটি স্বল্পমেয়াদি আর্থিক দলিল। Commercial paper is a short term financing instrument, Financially sound corporations issue Commercial Paper to raise short term Fund with maturity of (1-270 days).

**17. Stock Exchanges of Dhaka and Chittagong were established respectively in : (ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ নিম্নলিখিত বছরে প্রতিষ্ঠিত হয়?)**

Ⓐ 1972 and 1998 Ⓑ 1955 and 1994 Ⓒ 1954 and 1995
Ⓓ 1976 and 1999 Ⓔ 1956 and 1996

Ans Ⓒ Solve ঢাকা স্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠিত হয় ১৯৫৪ সালে এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠিত হয় ১৯৯৫ সালে।



CamScanner

**18. Which one of the following institutions is a major player in the money market? (নিচের কোন প্রতিষ্ঠান মুদ্রা বাজারের একটি মুখ্য অংশগ্রহণকারী?)**

Ⓐ Stock Exchange Ⓑ Commercial Bank Ⓒ Development Bank
Ⓓ Specialized Bank Ⓔ Non-Bank Financial Institution

**B Solve** Money Market / মুদ্রা বাজারের অধিকাংশ কাজ বাণিজ্যিক ব্যাংকগুলো করে থাকে বা এদের মাধ্যমে করা হয়। তাই মুদ্রা বাজারে বাণিজ্যিক ব্যাংক মুখ্য অংশগ্রহণকারী। Stock Exchange হলো মূলধন বাজারের উপাদান।

**19. Approximately, how many companies are listed in Dhaka Stock Exchange Ltd. right now? (বর্তমানে বাংলাদেশে শেয়ার বাজারে তালিকাভুক্ত কোম্পানির সংখ্যা প্রায় কতটি?)**

Ⓐ 3,000 Ⓑ 1,300 Ⓒ 300
Ⓓ 1,000 Ⓔ 2,550

**D Solve** লক্ষ্য করে দেখ যে প্রশ্নের ইংরেজি অপশনে ঢাকা স্টক এক্সচেঞ্জ এর তথ্য চেয়েছে কিন্তু বাংলা অপশন লক্ষ্য করে দেখলে দেখা যায় যে বাংলাদেশের তথ্য চেয়েছে অর্থাৎ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর তথ্য চেয়েছে। তাই আমরা বাংলা অপশনকে প্রশ্ন ধরে উত্তর দিয়েছি (ঢাকা ৭০০ + চট্টগ্রাম ৩০০ = ১০০০) উল্লেক্ষ্য এটি পরিবর্তনশীল। বর্তমানে (ঢাকা ৬২৫ + চট্টগ্রাম ২৫০ = ৮৭৫) [Up to september 2022]

**20. Which annuity requires payment to be made at the end of each period? (কোন বার্ষিকবৃত্তি মেয়াদ শেষে পরিশোধ করতে হয়?)**

Ⓐ Annuity Due Ⓑ Ordinary annuity Ⓒ Growing annuity
Ⓓ Perpetuity Ⓔ Growing perpetuity

**B Solve** Annuity বা বার্ষিকবৃত্তি ২ প্রকার।
i. Ordinary Annuity ii. Annuity Due.
→ যে বার্ষিকবৃত্তি প্রত্যেক মেয়াদ শেষে পরিশোধ করা হয় তাকে বলা হয় Ordinary Annuity.
→ অন্যদিকে, যে বার্ষিকবৃত্তি প্রত্যেক মেয়াদের শুরুতে পরিশোধ করা হয় তাকে বলে Annuity Due.

## ঢাকা বিশ্ববিদ্যালয় : ২০১৫-১৬; ইউনিট-গ

**01. নিম্নের কোনটি অরক্ষিত স্বল্পমেয়াদি ঋণ নয়? (Which of the following is not unsecured short term credit?)**

Ⓐ Line of credit Ⓑ Revolving credit Ⓒ Transaction loan
Ⓓ Floating lien Ⓔ Bank loan

**D Solve** লেনদেন ঋণ (Transaction loan), ঘূর্ণায়মান ঋণ (revolving credit), ঋণ রেখা (line of credit) হলো স্বল্পমেয়াদি জামানতহীন ঋণ। ভাসমান বন্ধকের (floating lien) ক্ষেত্রে মজুত পণ্য বন্ধক রেখে ঋণ গ্রহণ করা হয় বলে এটি অরক্ষিত স্বল্পমেয়াদি ঋণের অন্তর্ভুক্ত নয়।

| | |
|---|---|
| Unsecured Bank Loan | - Transaction Loan<br>- Revolving Loan<br>- Line of credit |
| Secured Bank Loan | - Inventory of Goods (Floating lien, Chattel mortgage, Trust receipt loan, Warehouse receipt)<br>- Account Receivable<br>- Factoring |

**02. যথাযথ বৈচিত্র্যায়নের মাধ্যমে কোন ধরনের ঝুঁকি এড়িয়ে যাওয়া সম্ভব? (Which type of risk is avoidable through proper diversification?)**

Ⓐ portfolio risk Ⓑ systematic risk Ⓒ unsystematic risk
Ⓓ total risk Ⓔ financial risk

**C Solve** বৈচিত্রায়নের নীতির মূলকথা হলো একটি কোম্পানি একই সঙ্গে একাধিক প্রকল্পে বিনিয়োগ করে ব্যবসায়ের বিনিয়োগ ঝুঁকি হ্রাস করতে পারে। বৈচিত্র্যায়নের মূল উদ্দেশ্যই হলো বিনিয়োগ ঝুঁকি হ্রাস করা। তবে বৈচিত্র্যায়নের মাধ্যমে সব ধরনের ঝুঁকি হ্রাস করা যায় না। বৈচিত্র্যায়নের মাধ্যমে unsystematic risk হ্রাস করা যায়।



CamScanner

**03. ডিসকাউন্টিং প্রক্রিয়ার অর্থ কী? (What does the discounting process mean?)**

Ⓐ Awarding concessions Ⓑ Taking less money Ⓒ Ignoring importance
Ⓓ Converting future value into present value
Ⓔ Converting present value into future value

**D Solve** কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থের ভবিষ্যৎ মূল্য থেকে বর্তমান মূল্য নির্ণয় করাকে বাট্টাকরণ (Discounting) বলে। অন্যদিকে, কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থের বর্তমান মূল্য থেকে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করাকে চক্রবৃদ্ধিকরণ (Compounding) বলে। এগুলো, অর্থের সময় মূল্য নির্ণয়ের ক্ষেত্রে এটি ব্যবহৃত হয়।

**04. কোন ধরনের অ্যানুইটি কিস্তির অর্থ পরিশোধের প্রতি মেয়াদের শুরুতে নগদ প্রবাহ নিশ্চিত করে? (Which type of annuity requires payment of installment money at the beginning of each installment period?)**

Ⓐ ordinary annuity Ⓑ annuity due Ⓒ annuity compounded
Ⓓ effective annuity Ⓔ perpetuity

**B Solve** Annuity due এর ক্ষেত্রে কিস্তির টাকা নির্দিষ্ট সময়ের শুরুতে প্রদান করতে হয় এবং Ordinary annuity এর ক্ষেত্রে কিস্তির টাকা নির্দিষ্ট সময়ের শেষে প্রদান করতে হয়।

**05. মূলধন বাজেটিং -এর বাট্টাবিহীন নগদ প্রবাহ কোনটি?**
**(Which one is the non-discounted capital budgeting technique?)**

Ⓐ payback period Ⓑ net present value Ⓒ internal rate of return
Ⓓ capital rationing Ⓔ profitability index

**A Solve** বিনিয়োগ প্রকল্প মূল্যায়নের পদ্ধতিগুলোকে মূলত দুটি প্রধান ভাগে ভাগ করে আলোচনা করা হয়েছে। যথা :
১. সনাতন পদ্ধতি (Traditional Method)
২. বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি (Discounted Cash flow Method)

| | |
|---|---|
| সনাতন পদ্ধতি (Traditional Method) | ♦ মূলধন ফেরত সময় পদ্ধতি (Pay Back Period -PBP Method)<br>♦ গড় মুনাফার হার পদ্ধতি (Average Rate of Return- ARR) |
| বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি (Discounted Cash flow Method) | ♦ নিট বর্তমান মূল্য পদ্ধতি (Net Present Value Method-NPV Method)<br>♦ অভ্যন্তরীণ মুনাফার হার পদ্ধতি (Internal Rate of Return - IRR Method)<br>♦ মুনাফার্জন ক্ষমতার সূচক পদ্ধতি (Probability Index Method) |

সুতরাং Pay Back Period হলো বাট্টাবিহীন পদ্ধতি।

**06. ৭২-বিধি অনুযায়ী ৫০০ টাকা ৯ বছরে দ্বিগুণ হতে হলে সুদহার কত শতাংশ হতে হবে? (What interest rate doubles TA. 500 in 9 years according to Rule 72?)**

Ⓐ 8% Ⓑ 9% Ⓒ 10%
Ⓓ 11% Ⓔ 12%

**A Solve** ৭২ ধারা মতে, সুদের হার নির্ণয়ের সূত্র : $r = \frac{৭২}{n} = \frac{৭২}{৯} = ৮\%$ [n = ৯]

**07. যে বাজারে নতুন শেয়ার/ডিবেঞ্চার প্রথমবার ক্রয়/বিক্রয় করা হয় তার নাম — বাজার (The market where new securities are bought and sold for the first time is called —— market.)**

Ⓐ primary Ⓑ secondary Ⓒ tertiary
Ⓓ capital Ⓔ treasury

**A Solve** যে বাজারে নতুন শেয়ার /ডিবেঞ্চার প্রথমবার ক্রয়-বিক্রয় করা হয় তাকে প্রাথমিক বাজার (Primary Market) বলে। শেয়ার ক্রয়-বিক্রয়ের প্রাথমিক বাজার হলো ঝুঁকিবিহীন বাজার। অন্যদিকে, যে বাজারে পুরাতন কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় করা হয় তাকে মাধ্যমিক বাজার বলে।

**08. সুদ হার ও বন্ডের বাজার দর কীভাবে পরিবর্তিত হয়? (How do the interest rate and bond prices change?)**

Ⓐ in the same direction Ⓑ in opposite directions
Ⓒ positively Ⓓ without any relationship with each other
Ⓔ sometimes is the same and sometimes in the negative direction

**B Solve** সুদ হার ও বন্ডের বাজার দর বিপরীতভাবে পরিবর্তিত হয়।



CamScanner

09. কোনটি অর্থায়নের বাহ্যিক উৎস নয়? (Which one is not an external source of financing?)
Ⓐ retained earnings Ⓑ share capital Ⓒ bank loan
Ⓓ trade credit Ⓔ share premium

**A Solve** উদ্যোক্তাদের প্রাথমিক মূলধন, সংরক্ষিত মুনাফা হলো কোম্পানির অভ্যন্তরীণ অর্থসংস্থানের উৎস। অন্যদিকে শেয়ার মূলধন, বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক, বিমা কোম্পানি, অবলেখক হলো অর্থসংস্থানের বাহ্যিক উৎস।

10. বোনাস শেয়ার কাদের মধ্যে বণ্টন করা হয়? (To whom the bonus shares are distributed?)
Ⓐ existing shareholders Ⓑ previous shareholders Ⓒ new shareholders
Ⓓ directors Ⓔ employees

**A Solve** কোম্পানি যখন লভ্যাংশের পরিবর্তে তার শেয়ারহোল্ডারদের শেয়ার প্রদান করে তাকে বোনাস শেয়ার বলে। বোনাস শেয়ার ইস্যু করার ফলে কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায় কিন্তু শেয়ারহোল্ডার সংখ্যা বৃদ্ধি পায় না এবং বোনাস শেয়ার বর্তমান শেয়ারহোল্ডারদের মধ্যে বিলি করা হয়।

11. কোম্পানির সবচেয়ে কম তরল সম্পদ কোনটি? (Which one is the least liquid current asset of a company?)
Ⓐ Cash Ⓑ Bank balance Ⓒ Prepaid expenses
Ⓓ A/C receivables Ⓔ Inventory

**E Solve** তারল্য বলতে একটি সম্পদ কত সহজে ও কম সময়ে নগদ অর্থে রূপান্তর করা যায় তাকে বুঝায়। একটি প্রতিষ্ঠানের সর্বাপেক্ষা তরল সম্পদ হলো নগদ অর্থ। নগদ অর্থের পর প্রতিষ্ঠানের সর্বাপেক্ষা তরল সম্পদ হলো ব্যাংক জমা। মজুত পণ্য সবচেয়ে কম তরল সম্পদ।

12. নিম্নের মূলধন উপাদানগুলোর কোনটির ব্যয় সবচেয়ে বেশি? (Which of the following components of capital has the highest cost?)
Ⓐ Ordinary equity Ⓑ Preferred share Ⓒ Debenture
Ⓓ Retained earnings Ⓔ Profit

**A Solve** ঋণপত্রের মাধ্যমে কর সুবিধা পাওয়া যায় বলে একটি প্রতিষ্ঠানে মূলধন সংগ্রহের ক্ষেত্রে ঋণপত্রের ব্যয় সবচেয়ে কম। অন্যদিকে একটি প্রতিষ্ঠানে মূলধন সংগ্রহের ক্ষেত্রে সাধারণ শেয়ারের ব্যয় সর্বাপেক্ষা বেশি।

13. নিম্নের কোনটি আদর্শ চলতি অনুপাত হিসাবে বিবেচিত? (Which one is considered the ideal current ratio?)
Ⓐ 10% Ⓑ 15% Ⓒ 1:1 Ⓓ 2 :1 Ⓔ 3:1

**D Solve**

| অনুপাতের নাম | আদর্শমান |
|---|---|
| চলতি অনুপাত | ২:১ |
| নিট চলতি মূলধন অনুপাত | ১:১ |
| ত্বরিত অনুপাত | ১:১ |
| সম্পদ-মালিকানা অনুপাত | ৩:৪ |
| দায়-মালিকানা অনুপাত | ৩:১ |

14. BSEC কী নিয়ন্ত্রণ করে? (What does the BSEC regulate?)
Ⓐ bond market Ⓑ share market Ⓒ money market
Ⓓ secured exchange Ⓔ financial market

**B Solve** Financial market প্রধানত দুই প্রকার। যথা: Capital market and Money market. Capital market নিয়ন্ত্রণ করে BSEC এবং Money market নিয়ন্ত্রণ করে Bangladesh Bank. Capital market এর উপাদান হলো Share, Bond, Debenture.

15. আর্থিক প্রতিষ্ঠান আইন কত সালে পাশ করা হয়? (In which year the Financial Institutions Act was passed?)
Ⓐ 1994 Ⓑ 1993 Ⓒ 1991
Ⓓ 2002 Ⓔ 2010

**B Solve** সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অধ্যাদেশ- ১৯৬৯, বিমা আইন- ২০১০, মাইক্রোক্রেডিট রেগুলেটরি আইন- ২০০৬, ব্যাংক কোম্পানি আইন- ১৯৯১, আর্থিক প্রতিষ্ঠান আইন- ১৯৯৩, মানি লন্ডারিং প্রতিরোধ আইন- ২০১২, বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ আইন- ১৯৪৭, হস্তান্তরযোগ্য দলিল আইন- ১৮৮১।



CamScanner

16. কোনটি দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস নয়? (Which one is not the source of long term financing?)

Ⓐ debenture Ⓑ share Ⓒ bond Ⓓ commercial paper Ⓔ treasury bill

**D Solve** একটি প্রতিষ্ঠানের স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎসসমূহ নিম্নরূপ:

| | |
|---|---|
| স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎস | ✓ ট্রেজারি বিল (Treasury Bill)<br>✓ বাণিজ্যিক কাগজ (Commercial Paper)<br>✓ ব্যাংকের স্বীকৃতিপত্র (Banker's Acceptance)<br>✓ পুনঃক্রয় চুক্তি (Repurchase Agreement)<br>✓ হস্তান্তরযোগ্য আমানত সার্টিফিকেট (Negotiable Certificate of Deposit)<br>✓ কল মানি বাজার (Call Money Market) |
| দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস | ✓ সাধারণ শেয়ার (Ordinary share)<br>✓ অগ্রাধিকার শেয়ার (Preferred share)<br>✓ বন্ড (Bond)<br>✓ ডিবেঞ্চার (Debenture)<br>✓ ট্রেজারি বন্ড (Treasury bond)<br>✓ মর্টগেজ লোন (Mortgage loan) |

কোম্পানির দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎসসমূহ হলো: শেয়ার, বন্ড, ডিবেঞ্চার, সংরক্ষিত মুনাফা ইত্যাদি। বাণিজ্যিকপত্র হলো স্বল্পমেয়াদি অর্থসংগ্রহের উৎস।

17. কোন প্রতিষ্ঠান বাজারে ট্রেজারি বিল ছাড়ে? (Which institution issues treasury bill?)

Ⓐ Central bank Ⓑ Ministry of Finance Ⓒ Listed company
Ⓓ Private commercial Banks Ⓔ Specialized financial institutions

**A Solve** সরকারের পক্ষে কেন্দ্রীয় ব্যাংক (বাংলাদেশ ব্যাংক) ট্রেজারি বিল ইস্যু করে। প্রাইভেট ব্যাংক বা প্রাইভেট কোম্পানি ট্রেজারি বিল কখনোই ইস্যু করতে পারে না।

18. BSEC বলতে কী বোঝায়? (What does BSEC stand for?)

Ⓐ Securities and Exchange Commission Ⓑ Bangladesh Security and Exchange Commission
Ⓒ Bangladesh Securities and Exchange Commission Ⓓ Bangladesh Securities and Exchanges Commission
Ⓔ Bangladesh Security and Exchanges Commission

**C Solve** BSEC এর পূর্ণ নাম হলো: Bangladesh Securities and Exchange Commission। BSEC এর প্রধান কাজ হলো শেয়ার বাজার বা মূলধন বাজার নিয়ন্ত্রণ করা।

19. কোন বিনিয়োগ সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ (Which investment is the most risky?)

Ⓐ bank deposit Ⓑ bond purchase Ⓒ purchase of preference share
Ⓓ purchase of government bond Ⓔ purchase of ordinary share

**E Solve** সরকারি বন্ডে বিনিয়োগ হলো ঝুঁকিবিহীন বিনিয়োগ। অগ্রাধিকার শেয়ারের ক্ষেত্রে মুনাফার পরিমাণ নির্দিষ্ট থাকে বলে ঝুঁকি কম। ব্যাংক ডিপোজিট, কোম্পানির ঋণপত্র ক্রয়ের ক্ষেত্রে সুদের হার নির্দিষ্ট থাকে বলে ঝুঁকি নেই বললেই চলে। কিন্তু সাধারণ শেয়ারে বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার (লভ্যাংশ) হার নির্দিষ্ট থাকে না বলে এটি সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ বিনিয়োগ।

20. বিনিয়োগের জন্য একটি প্রকল্প গ্রহণ করতে হলে কীসের মান মূলধনের মূল্য অপেক্ষা বেশি হতে হয়? (Which one should be greater that the cost of capital to accept a proposal for investment?)

Ⓐ ARR Ⓑ NPV Ⓒ IRR
Ⓓ payback period Ⓔ profitability index

**C Solve** একটি প্রকল্প গ্রহণ ও বর্জনের শর্তসমূহ নিম্নরূপ:

| সংক্ষেপে প্রকল্প গ্রহণ-বর্জনের নিয়ম |
|---|
| ARR প্রতিষ্ঠানের প্রত্যাশিত হারের চেয়ে বেশি হলে, NPV ধনাত্মক হলে, IRR মূলধন ব্যয় হতে বেশি হলে, PI ১ এর সমান কিংবা বেশি হলে- প্রকল্পটি গ্রহণযোগ্য। |
| ARR প্রতিষ্ঠানের প্রত্যাশিত হারের চেয়ে কম হলে, NPV ঋণাত্মক হলে, IRR মূলধন ব্যয় হতে কম হলে, PI ১ এর কম হলে- প্রকল্পটি বর্জনীয়। |

সুতরাং, IRR যদি মূলধন ব্যয় হতে বেশি হয়, তাহলে প্রকল্পটি গ্রহণ করা হয়। IRR যদি মূলধন ব্যয় হতে কম হয়, তাহলে প্রকল্পটি বর্জন করা হয়।



CamScanner

# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ
## ভর্তি পরীক্ষা : ২০২৩-২৪; ইউনিট- বাণিজ্য; সেট-C

01. নিচের কোনটির ওপর একটি ব্যবসায় প্রতিষ্ঠানের চূড়ান্ত লক্ষ্য সম্পদ সর্বাধিকরণ নির্ভর করে?
Ⓐ শেয়ার প্রতি আয় Ⓑ শেয়ার প্রতি লভ্যাংশ Ⓒ শেয়ারের তারল্য Ⓓ শেয়ারের বাজার মূল্য
Ans Ⓓ Solve সম্পদ সর্বাধিকরণ বা শেয়ারের বাজার মূল্য বৃদ্ধি একটি কোম্পানির চূড়ান্ত লক্ষ্য।

02. নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থের উৎস নয়?
Ⓐ বাণিজ্যিক পত্র Ⓑ প্রদেয় বিল Ⓒ ঋণপত্র Ⓓ বিল বাট্টাকরণ
Ans Ⓒ Solve ঋণপত্র দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস।

03. বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করা কোন নীতি দ্বারা সমর্থিত?
Ⓐ তারল্য নীতি Ⓑ নগদ প্রবাহ নীতি Ⓒ মুনাফা নীতি Ⓓ বৈচিত্র্যকরণ নীতি
Ans Ⓓ Solve এক প্রকল্পে বিনিয়োগ না করে বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করাকে বৈচিত্র্যায়নের নীতি বলে।

04. নিচের কোন ঝুঁকি ব্যবসায় পরিচালনার ধরন থেকে সৃষ্টি হয়?
Ⓐ আর্থিক ঝুঁকি Ⓑ ব্যবসায় ঝুঁকি Ⓒ বাজার ঝুঁকি Ⓓ পোর্টফোলিও ঝুঁকি
Ans Ⓑ Solve ব্যবসায় পরিচালনের ধরন থেকে ব্যবসায় ঝুঁকির সৃষ্টি হয়।

05. নিচের কোনটির ক্ষেত্রে একটি বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য সবচাইতে বেশি হবে?
Ⓐ মাসিক চক্রবৃদ্ধি Ⓑ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি Ⓒ সাপ্তাহিক চক্রবৃদ্ধি Ⓓ বাৎসরিক চক্রবৃদ্ধি
Ans Ⓒ Solve মাসিক চক্রবৃদ্ধি অনুসারে $m = ১২$, ত্রৈমাসিক চক্রবৃদ্ধি অনুসারে $m = ৪$, সাপ্তাহিক চক্রবৃদ্ধি অনুসারে $m = ৫২$, বাৎসরিক চক্রবৃদ্ধি অনুসারে $m = ১$।

06. যদি কর-হার হ্রাস পায়, করোত্তর ঋণের ব্যয়-----
Ⓐ বৃদ্ধি পাবে Ⓑ ওঠানামা করবে Ⓒ হ্রাস পাবে Ⓓ অপরিবর্তিত থাকবে
Ans Ⓐ Solve যদি করের হার হ্রাস পায় তাহলে করোত্তর ঋণের ব্যয় প্রকৃত অর্থে বৃদ্ধি পাবে।

07. নিচের কোনটি বাণিজ্যিক পত্রের সুবিধা নয়?
Ⓐ ব্যাংক কর্তৃক সমর্থিত Ⓑ সহজে প্রাপ্য Ⓒ স্বল্প ব্যয় Ⓓ ক্ষতিপূরণ জের রাখার প্রয়োজনীয়তা
Ans Ⓐ Solve বাণিজ্যিকপত্র ইস্যু করে স্বনামধন্য ব্যবসায় কোম্পানি, তাই এটি ব্যাংক কর্তৃক সমর্থিত নয়।

08. নিট বর্তমান মূল্য পদ্ধতি নিচের কোন বিষয়টি বিবেচনা করে না?
Ⓐ লাভজনকতা Ⓑ নগদ প্রবাহ Ⓒ ঝুঁকি Ⓓ অর্থের সময় মূল্য
Ans Ⓐ Solve নিট বর্তমান মূল্য বিবেচনা করে ঝুঁকি, নগদ প্রবাহ, অর্থের সময়মূল্য।

09. কোম্পানির বিভিন্ন সিকিউরিটিজের দাবি পরিশোধের ক্ষেত্রে নিচের কোন অগ্রাধিকার তালিকাটি সঠিক?
Ⓐ সাধারণ শেয়ার > অগ্রাধিকার শেয়ার > বন্ড Ⓑ অগ্রাধিকার শেয়ার > সাধারণ শেয়ার > বন্ড
Ⓒ বন্ড > অগ্রাধিকার শেয়ার > সাধারণ শেয়ার Ⓓ অগ্রাধিকার শেয়ার > বন্ড > সাধারণ শেয়ার
Ans Ⓒ Solve বিভিন্ন সিকিউরিটির দাবি পরিশোধের জন্য সঠিক প্রবাহ হলো "বন্ড>অগ্রাধিকার শেয়ার>সাধারণ শেয়ার"।

10. পোর্টফোলিও বৈচিত্র্যকরণ করলে সাধারণত কোন ঝুঁকি কমে?
Ⓐ বাজার ঝুঁকি Ⓑ আর্থিক ঝুঁকি Ⓒ মোট ঝুঁকি Ⓓ কোম্পানি ঝুঁকি
Ans Ⓐ Solve পোর্টফলিও বৈচিত্র্যায়নের ফলে বাজার ঝুঁকি প্রভাবিত হয়।

11. নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিল নয়?
Ⓐ অঙ্গীকারনামা Ⓑ বাণিজ্যিক পত্র Ⓒ চেক Ⓓ বিনিময় বিল
Ans Ⓑ Solve অঙ্গীকারনামা, চেক, বিনিময় বিল হস্তান্তরযোগ্য দলিল।

12. মেয়াদ শেষ হওয়ার পূর্বে বিমাগ্রহীতা বিমা পলিসি ভাঙালে প্রাপ্ত অর্থকে ------ বলে।
Ⓐ পলিসি মূল্য Ⓑ সমর্পণ মূল্য Ⓒ নগদ মূল্য Ⓓ তারল্য মূল্য
Ans Ⓑ Solve মেয়াদ শেষ হওয়ার আগে বিমাগ্রহীতা যে মূল্যে পলিসি ভাঙে তাকে বলে সমর্পণ মূল্য।

13. ব্যাংকের কোন ধরনের হিসাবে গ্রাহকরা জমাতিরিক্ত ঋণের সুবিধা পেয়ে থাকে?
Ⓐ চলতি হিসাব Ⓑ সঞ্চয় হিসাব Ⓒ যৌথ হিসাব Ⓓ স্থায়ী আমানত হিসাব
Ans Ⓐ Solve চলতি হিসাবের বিপরীতে ব্যাংক জমাতিরিক্ত ঋণের সুবিধা পাওয়া যায়।


CamScanner

**14. BFIU-এর পূর্ণরূপ কী?**
Ⓐ Bangladesh Financial Institution Unit Ⓑ Bangladesh Financial Intelligence Unit
Ⓒ Bangladesh Financial Income Unit Ⓓ Bangladesh Financial Investment Unit
**B Solve** BFIU= Bangladesh Financial Intelligence Unit.

**15. 'কেন্দ্রীয় ব্যাংক ঋণের শেষ আশ্রয়স্থল'-উক্তিটি কার?**
Ⓐ Prof. Hotray Ⓑ Prof. M.N. Mitra Ⓒ Prof. Sayers Ⓓ Prof. Henry Markwitz
**A Solve** "কেন্দ্রীয় ব্যাংক ঋণদানের শেষ আশ্রয়স্থল" Prof. Hotray এর উক্তি।

**16. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?**
Ⓐ আমানত গ্রহণ Ⓑ মুদ্রানীতি প্রণয়ন Ⓒ ঋণ প্রদান Ⓓ হিসাব খোলা
**B Solve** মুদ্রানীতি প্রণয়ন কেন্দ্রীয় ব্যাংকের কাজ।

**17. কেবল নির্ধারিত সময়ের মধ্যে মৃত্যুবরণ করলে বিমাগ্রহীতাকে কোন বিমায় বিমা দাবি পূরণ করা হয়?**
Ⓐ আজীবন বিমা Ⓑ গোষ্ঠী বিমা Ⓒ সাময়িক বিমা Ⓓ মেয়াদি বিমা
**C Solve** সাময়িক বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে মৃত্যুবরণ করলে বিমাদাবি পরিশোধ করা হয়।

**18. বিমাগ্রহীতার বিমাযোগ্য স্বার্থ রয়েছে বলে ধরা হয় নিচের কার জীবনে?**
Ⓐ পাওনাদার Ⓑ দেনাদার Ⓒ বন্ধু Ⓓ ভাই-বোন
**D Solve** বিমাযোগ্য স্বার্থ বিদ্যমান থাকে স্ত্রী, মা- বাবা, ভাই- বোন এদের ওপর।

**19. দু'জন বিমাকারীর মধ্যে যে বিমা সম্পাদিত হয় তাকে বলা হয়—**
Ⓐ যৌথ বিমা Ⓑ দ্বৈত বিমা Ⓒ পুনর্বিমা Ⓓ গোষ্ঠী বিমা
**C Solve** পুনঃ বিমাতে বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ই বিমা কোম্পানি।

**20. কোন ধরনের বিমার ক্ষেত্রে স্থাবর ও অস্থাবর উভয় ধরনের সম্পত্তি বিমা করা যায়?**
Ⓐ নৌ-বিমা Ⓑ অগ্নিবিমা Ⓒ শস্য বিমা Ⓓ দুর্ঘটনা বিমা
**B Solve** অগ্নিবিমার বিষয়বস্তু হলো স্থাবর ও অস্থাবর সম্পদ।

## ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ
### ভর্তি পরীক্ষা : ২০২২-২৩; ইউনিট- বাণিজ্য; সেট-C

**01. নিচের কোন আর্থিক সম্পদের দাবি সবার শেষে পরিশোধযোগ্য?**
Ⓐ সাধারণ শেয়ার Ⓑ ঋণপত্র Ⓒ বন্ড Ⓓ বাণিজ্যিক পত্র
**A Solve** আর্থিক সম্পদের দাবি পরিশোধের ক্রমধারা হলো বন্ড/ঋণপত্র>অগ্রাধিকার শেয়ার>সাধারণ শেয়ার।

**02. মেয়াদ পূর্তির পূর্বে পরিশোধযোগ্য বন্ডকে ...... বন্ড বলা হয়।**
Ⓐ কলযোগ্য Ⓑ জাঙ্ক Ⓒ ইউরো Ⓓ জিরো-কুপন
**A Solve** মেয়াদ পূর্তির আগে তলবযোগ্য বন্ডকে বলে তলবযোগ্য বন্ড বা কলযোগ্য বন্ড।

**03. নিচের কোন কারণটির জন্য একটি ব্যবসায়ের আর্থিক ঝুঁকি বৃদ্ধি পায় না?**
Ⓐ ব্যাংক ঋণ গ্রহণ Ⓑ ঋণপত্র ইস্যু Ⓒ বন্ড ইস্যু Ⓓ সাধারণ শেয়ার ইস্যু
**D Solve** আর্থিক ঝুঁকির সাথে ঋণ মূলধন সম্পর্কিত থাকে, ব্যাংক থেকে ঋণ গ্রহণ, ঋণপত্র ইস্যু, বন্ড ইস্যু এদের সাথে ঋণ মূলধন সম্পর্কিত, সাধারণ শেয়ারের সাথে মালিকানা মূলধন সম্পর্কিত।

**04. নিচের উৎসসমূহের মধ্যে কোনটির অর্থায়ন খরচ সর্বোচ্চ?**
Ⓐ অগ্রাধিকার শেয়ার Ⓑ সাধারণ শেয়ার Ⓒ কর্পোরেট বন্ড Ⓓ সংরক্ষিত মুনাফা
**B Solve** সাধারণ শেয়ার এর সাথে উত্তরণ খরচ, ইস্যু খরচ, অবলেখন খরচ সম্পৃক্ত থাকায় এর ব্যয় সবচেয়ে বেশি।

**05. নিচের কোনটি সংকর সিকিউরিটি?**
Ⓐ অগ্রাধিকার শেয়ার Ⓑ ট্রেজারি বন্ড Ⓒ ঋণপত্র Ⓓ রূপান্তরযোগ্য বন্ড
**A Solve** অগ্রাধিকার শেয়ার হলো ঋণ ও ইক্যুইটির সংমিশ্রণ তাই একে সংকর বা হাইব্রিড সিকিউরিটি বলে।

**06. দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগ যখন অপর প্রকল্পের নগদ প্রবাহকে কোনো ক্রমে প্রভাবিত করে না তখন প্রকল্পদ্বয়কে ...... প্রকল্প বলে।**
Ⓐ স্বাধীন Ⓑ পরিপূরক Ⓒ নির্ভরশীল Ⓓ পরস্পর বর্জনশীল
**A Solve** দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগ যখন, অপর প্রকল্পের নগদ প্রবাহকে কোনোক্রমে প্রভাবিত না করে তখন তাকে বলে স্বাধীন প্রকল্প।



CamScanner

07. একটি স্বাধীন প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে নিচের কোনটি গ্রহণযোগ্য?
Ⓐ আন্তঃ আয় হার (IRR) $\geq 0$ Ⓑ আন্তঃ আয় হার (IRR) > ফার্মের মূলধন খরচ (k)
Ⓒ আন্তঃ আয় হার (IRR) > গড় আয়-হার (ARR) Ⓓ নিট বর্তমান মূল্য (NPV) $\leq 0$
Ans Ⓑ Solve আন্তঃ আয়ের হারের ক্ষেত্রে গ্রহণ বর্জনের নীতি হলো, আন্তঃ আয়ের হার মূলধন ব্যয় থেকে বেশি হতে হবে।

08. নিচের কোনটি শেয়ার মালিকগণের সম্পদ সর্বাধিকরণের সাথে সম্পৃক্ত নয়?
Ⓐ শেয়ার প্রতি লভ্যাংশ Ⓑ শেয়ার প্রতি আয় Ⓒ নিট মুনাফা Ⓓ শেয়ার প্রতি লিখিত মূল্য
Ans Ⓑ Solve শেয়ার প্রতি আয় হলো মুনাফা সর্বাধিকরণের নির্দেশক।

09. ফার্মের সাধারণ স্টকের শেয়ার প্রতি বাজার মূল্যকে ...... বলা যেতে পারে
Ⓐ শেয়ারের অন্তর্নিহিত মূল্য Ⓑ ফার্মের নিজস্ব মূলধন Ⓒ শেয়ারের অভিহিত মূল্য Ⓓ শেয়ারের মালিকগণের সম্পদ
Ans Ⓐ Solve শেয়ারের অন্তর্নিহিত মূল্য হলো শেয়ারের প্রকৃত বা বর্তমান বাজারমূল্য।

10. কোন প্রকারের ব্যাংক হিসাব আমানতকারীকে 'জমাতিরিক্ত ঋণ সুবিধা' প্রদান করে?
Ⓐ সঞ্চয়ী হিসাব Ⓑ চলতি হিসাব Ⓒ স্থায়ী হিসাব Ⓓ বিশেষ হিসাব
Ans Ⓑ Solve চলতি হিসাবের বিপরীতে ব্যাংক জমাতিরিক্ত সুবিধা পাওয়া যায়।

11. KYC-এর পূর্ণরূপ কোনটি?
Ⓐ Know Your Customer Ⓑ Know Your Consumer Ⓒ Know Your Clients Ⓓ Know Your Community
Ans Ⓐ Solve KYC এর পূর্ণরূপ হলো Know your Customer

12. নিচের কোন ব্যাংকের জন্য বিধিবদ্ধ রিজার্ভ সংরক্ষণের হার কম?
Ⓐ শাহজালাল ইসলামী ব্যাংক Ⓑ গ্রামীণ ব্যাংক Ⓒ সোনালী ব্যাংক Ⓓ বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক
Ans Ⓐ Solve ইসলামি ব্যাংকে বিধিবদ্ধ রিজার্ভের হার ৫.৫% অন্যদিকে বাণিজ্যিক ব্যাংকের এই হার ১৩%।

13. কোন বিমায় স্থলাভিষিক্তকরণ নীতি প্রযোজ্য নয়?
Ⓐ নৌ-বিমা Ⓑ জীবন বিমা Ⓒ অগ্নি বিমা Ⓓ দুর্ঘটনা বিমা
Ans Ⓑ Solve জীবনবিমা নিশ্চয়তার চুক্তি তাই এখানে স্থলাভিষিক্তকরণের নীতি প্রযোজ্য নয়।

14. নিচের কোনটি অভ্যন্তরীণ অর্থায়নের উৎস?
Ⓐ ব্যবসায় ঋণ Ⓑ সংরক্ষিত মুনাফা Ⓒ ব্যাংক ঋণ Ⓓ বন্ধক
Ans Ⓑ Solve ব্যবসায় ঋণ, ব্যাংক ঋণ, বন্ধক অর্থায়নের বাহ্যিক উৎস।

15. নিচের কোনটি মুদ্রাবাজারের সম্পদ?
Ⓐ বাণিজ্যিক পত্র Ⓑ সাধারণ শেয়ার Ⓒ ঋণপত্র Ⓓ আয় বন্ড
Ans Ⓐ Solve সাধারণ শেয়ার, ঋণপত্র, আয়পত্র, আয় বন্ড এগুলো মূলধন বাজার সিকিউরিটি।

16. কোন দলিলের মাধ্যমে একটি ব্যাংক একজন নির্দিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের জন্য বিদেশস্থ প্রতিনিধিকে নির্দেশ দেয়?
Ⓐ নগদ ঋণ Ⓑ পে-অর্ডার Ⓒ পূর্বস্বত্ব Ⓓ সার্কুলার নোট
Ans Ⓑ Solve পে-অর্ডারের মাধ্যমে একটি ব্যাংক নির্দিষ্ট কোনো ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের জন্য বিদেশের প্রতিনিধিকে নির্দেশ প্রদান করে।

17. বিল, বন্ড এবং সিকিউরিটি নিচের কোনটির উদাহরণ?
Ⓐ ব্যাংকের তহবিল Ⓑ জমাতিরিক্ত ঋণ Ⓒ সংরক্ষিত তহবিল Ⓓ বিক্রয়যোগ্য জামানত
Ans Ⓓ Solve বিল/বন্ড/সিকিউরিটি ইত্যাদি জামানত রেখে ঋণ নেওয়া যায়, আবার ঋণগ্রহীতা ঋণ পরিশোধে অক্ষম হলে এগুলো বিক্রয় করে অর্থ সংগ্রহ করা যায়।

18. কোন ধরনের বিমার ক্ষেত্রে স্থাবর ও অস্থাবর উভয় ধরনের সম্পত্তি বিমা করা যায়?
Ⓐ নৌ বিমা Ⓑ অগ্নি বিমা Ⓒ শস্য বিমা Ⓓ দুর্ঘটনা বিমা
Ans Ⓑ Solve অগ্নিবিমায় স্থাবর অস্থাবর সম্পত্তি বিমা করা যায়।

19. কোন নীতির ক্ষেত্রে নৌ বিমায় ও অগ্নি বিমায় কিছুটা ভিন্নতা থাকে?
Ⓐ বিমাযোগ্য স্বার্থ Ⓑ ক্ষতিপূরণের চুক্তি Ⓒ স্থলাভিষিক্তকরণ Ⓓ প্রত্যক্ষ কারণের জন্য ক্ষতিপূরণ
Ans Ⓓ Solve প্রত্যক্ষ কারণের জন্য ক্ষতিপূরণ এর বেলায় নৌ আর অগ্নি বিমায় ভিন্নতা রয়েছে।

20. একটি কোম্পানি প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০ মিলিয়ন শেয়ার জনগণের কাছে বিক্রি করার ঘোষণা দিয়েছে। কোন বাজারে এই লেনদেনটি সম্পন্ন হবে?
Ⓐ বন্ড বাজারে Ⓑ মুদ্রা বাজারে Ⓒ মাধ্যমিক বাজারে Ⓓ প্রাথমিক বাজারে
Ans Ⓓ Solve জনগণের কাছে শেয়ার বিক্রির প্রস্তাব দেওয়া হয় প্রাথমিক বাজারে।



CamScanner

# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ
## ভর্তি পরীক্ষা : ২০২১-২২; ইউনিট- বাণিজ্য; সেট-B

**01. নিচের কোনটির ওপর অর্থের সময় মূল্য নির্ভর করে না?**
Ⓐ অনিশ্চয়তা Ⓑ মূল্যস্ফীতি Ⓒ ঘাটতি বাজেট Ⓓ বিলম্বিত ভোগ
C Solve অর্থের সময়মূল্য অনিশ্চয়তা মূল্যস্ফীতি, ভোগ অগ্রাধিকার, বিলম্বিত ভোগ এসব ব্যাপার দিয়ে প্রভাবিত ঘাটতি বাজেট দিয়ে নয়।

**02. নিচের কোনটি আর্থিক ঝুঁকি থেকে মুক্ত?**
Ⓐ ব্যাংক ঋণ Ⓑ ঋণপত্র Ⓒ ইজারা Ⓓ সাধারণ শেয়ার
D Solve ব্যাংক ঋণ, ঋণপত্র, ইজারা অর্থায়ন হলো ঋণকৃত উৎস, সাধারণ শেয়ার হলো মালিকানা উৎস।

**03. নিচের কোনটির ওপর একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সম্পদ সর্বাধিকরণ লক্ষ্য নির্ভর করে?**
Ⓐ শেয়ার প্রতি লভ্যাংশ Ⓑ শেয়ার প্রতি মুনাফা Ⓒ নিট মুনাফা Ⓓ শেয়ারের বাজার মূল্য
D Solve শেয়ার প্রতি লভ্যাংশ, শেয়ার প্রতি মুনাফা, নিট মুনাফা এগুলো মুনাফা সর্বাধিকরণ নির্ণায়ক।

**04. একজন বিনিয়োগকারী কেন পোর্টফোলিওতে বিনিয়োগ করে?**
Ⓐ আয় নিশ্চিত করা Ⓑ ঝুঁকি পরিহার করা Ⓒ ঝুঁকি হ্রাস করা Ⓓ বেশি আয় করা
C Solve পোর্টফোলিওতে বিনিয়োগ করার অর্থ হলো একাধিক সিকিউরিটিতে বিনিয়োগ করে ঝুঁকি হ্রাস করা।

**05. বাংলাদেশে বর্তমানে বিরাজমান মূল্যস্ফীতি কোন ধরনের ঝুঁকি বৃদ্ধি করবে?**
Ⓐ তারল্য ঝুঁকি Ⓑ আর্থিক ঝুঁকি Ⓒ বাজার ঝুঁকি Ⓓ পোর্টফোলিও ঝুঁকি
C Solve মূল্যস্ফীতি অনিয়ন্ত্রণযোগ্য বিধায় এটি বাজার ঝুঁকি বৃদ্ধি করে।

**06. যদি দুইটি প্রকল্প সম্পূর্ণভাবে স্বাধীন হয় কিংবা পরস্পর সম্পর্কবিহীন হয়, তবে উভয়ের সংশ্লেষণ ― হবে।**
Ⓐ শূন্য Ⓑ অসীম Ⓒ ১ Ⓓ -১
A Solve স্বাধীন প্রকল্পের বেলায় সংশ্লেষণ এর মান ০

**07. নিচের কোনটি মূলধন বাজেটিং সিদ্ধান্ত নয়?**
Ⓐ উৎপাদন মাত্রা বৃদ্ধিজনিত সম্প্রসারণ কার্যক্রম Ⓑ চলতি সম্পদের কলেবর বৃদ্ধি
Ⓒ দীর্ঘমেয়াদি সম্পদের অধিগ্রহণ Ⓓ বর্তমান দীর্ঘমেয়াদি সম্পদের প্রতিস্থাপন
B Solve চলতি সম্পদের কলেবর বৃদ্ধি হলো স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা।

**08. নিচের কোনটির ক্ষেত্রে বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য সবচাইতে বেশি হবে?**
Ⓐ মাসিক চক্রবৃদ্ধি Ⓑ সাপ্তাহিক চক্রবৃদ্ধি Ⓒ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি Ⓓ বাৎসরিক চক্রবৃদ্ধি
B Solve মাসিক চক্রবৃদ্ধিতে $m=12$, সাপ্তাহিক চক্রবৃদ্ধিতে $m=52$ ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে $m=4$ বাৎসরিক চক্রবৃদ্ধিতে $m=1$

**09. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের গুণগত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি?**
Ⓐ ব্যাংক হার নীতি Ⓑ জমার হার পরিবর্তন নীতি Ⓒ খোলা বাজার নীতি Ⓓ প্রত্যক্ষ ব্যবস্থা গ্রহণ
D Solve ব্যাংক হার, জমার হার পরিবর্তন, খোলা বাজার এই ৩ টি হলো ঋণ নিয়ন্ত্রণের সাধারণ বা সংখ্যাত্মক পদ্ধতি।

**10. নিচের কোন প্রতিষ্ঠান ট্রেজারি বিল ইস্যু করে?**
Ⓐ অর্থ মন্ত্রণালয় Ⓑ বাণিজ্যিক ব্যাংক Ⓒ কেন্দ্রীয় ব্যাংক Ⓓ তালিকাভুক্ত কোম্পানি
C Solve ট্রেজারি বিল ইস্যু করে সরকারের পক্ষে কেন্দ্রীয় ব্যাংক।

**11. বাংলাদেশে কোন সালের বিমা আইন প্রচলিত রয়েছে?**
Ⓐ ১৯৩৮ Ⓑ ২০১০ Ⓒ ১৯৯৮ Ⓓ ২০০৮
B Solve বাংলাদেশে প্রচলিত বিমা আইন-২০১০

**12. স্বাভাবিক মাত্রার ঝুঁকির চেয়ে অধিক ঝুঁকি সংবলিত ঝুঁকিকে কী বলে?**
Ⓐ উপ-আদর্শিক ঝুঁকি Ⓑ অনাদর্শিক ঝুঁকি Ⓒ আদর্শিক ঝুঁকি Ⓓ উত্তম আদর্শিক ঝুঁকি
A Solve স্বাভাবিক মাত্রার ঝুঁকির চেয়ে অধিক ঝুঁকি সংবলিত ঝুঁকিকে বলা হয় উপ-আদর্শিক ঝুঁকি।



CamScanner

13. ক্ষতিপূরণ নীতিমালা কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?
Ⓐ গোষ্ঠী বিমা Ⓑ সম্পদ বিমা Ⓒ জীবন বিমা Ⓓ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা
Ⓑ Solve সম্পত্তি বিমায় ক্ষতিপূরণ নিতিমালা অনুসরণ করা হয়।

14. কোনো ফার্মের সিকিউরিটি ইস্যু ও বিক্রয় করার খরচকে —— বলা হয়।
Ⓐ মূলধন ব্যয় Ⓑ অবলেখন ব্যয় Ⓒ উত্তরণ ব্যয় Ⓓ প্রাথমিক খরচ
Ⓒ Solve কোনো ফার্মের সিকিউরিটি ইস্যু ও বিক্রয় খরচকে বলে উত্তরণ ব্যয়।

15. নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎস নয়?
Ⓐ বিল বাট্টাকরণ Ⓑ প্রদেয় হিসাব Ⓒ ঋণপত্র Ⓓ বাণিজ্যিক পত্র
Ⓒ Solve ঋণপত্র হলো দীর্ঘমেয়াদি ঋণের দলিল।

16. নিচের কোনটি ঝুঁকিমুক্ত হাতিয়ার?
Ⓐ ট্রেজারি বন্ড Ⓑ আয় বন্ড Ⓒ জাঙ্ক বন্ড Ⓓ কর্পোরেট বন্ড
Ⓐ Solve ট্রেজারি বন্ড সরকারি সিকিউরিটি বিধায় এটি ঝুঁকিমুক্ত।

17. নিচের কোনটি বাণিজ্যিক পত্রের সুবিধা নয়?
Ⓐ ব্যাংক কর্তৃক সমর্থিত Ⓑ সহজে প্রাপ্য Ⓒ স্বল্প ব্যয় Ⓓ ক্ষতিপূরণ জের রাখার প্রয়োজনীয়তা
Ⓐ Solve বাণিজিক পত্র ব্যাংক কর্তৃক ইস্যু হয় না, এটি ইস্যু হয় স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক।

18. 'কল মানি' বলতে কী বোঝায়?
Ⓐ আন্তঃব্যাংক স্বল্পমেয়াদি ঋণের আদান প্রদান Ⓑ কেন্দ্রীয় ব্যাংক হতে ঋণগ্রহণ
Ⓒ বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুরেন্স কোম্পানিসমূহকে ঋণ প্রদান Ⓓ লিজিং কোম্পানি কর্তৃক শিল্পখাতে ঋণ প্রদান
Ⓐ Solve আন্তঃব্যাংক লেনদেনের ঋণের আদান প্রদানকে বলে কল মানি।

19. কোন প্রত্যয়পত্রটি আরেকটি প্রত্যয়পত্রের বিপরীতে নতুন করে খোলা হয়?
Ⓐ খোলা প্রত্যয়পত্র Ⓑ ঘূর্ণায়মান প্রত্যয়পত্র Ⓒ লাল-দফা প্রত্যয়পত্র Ⓓ ব্যাক-টু-ব্যাক প্রত্যয়পত্র
Ⓓ Solve ব্যাক-টু-ব্যাক প্রত্যয়পত্রে একটি প্রত্যয়পত্রের বিপরীতে নতুন আরেকটি প্রত্যয়পত্র খোলার সুবিধা থাকে।

20. নগদ অর্থ বহনের সবচেয়ে নিরাপদ বিকল্প কী?
Ⓐ পে-অর্ডার Ⓑ সার্কুলার নোট Ⓒ চেক Ⓓ বিনিময় বিল
Ⓐ Solve নগদ অর্থ বহনের সবচেয়ে বিকল্প হলো পে-অর্ডার।

## ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ
### ভর্তি পরীক্ষা : ২০২২-২১; ইউনিট- বাণিজ্য;

01. নিচের কোনটি অর্থায়নের উদ্দেশ্য নয়?
Ⓐ মুনাফা সর্বাধিকরণ Ⓑ আয় সর্বাধিকরণ Ⓒ উপযোগ সর্বাধিকরণ Ⓓ সম্পদ সর্বাধিকরণ
Ⓒ Solve একটি ফার্মের অর্থায়নের প্রধান উদ্দেশ্য বা লক্ষ্য হলো সম্পদ সর্বাধিকরণ ও মুনাফা সর্বাধিকরণ। মুনাফা সর্বাধিকরণই হলো ব্যবসায়ের আয় সর্বাধিকরণ। কিন্তু উপযোগ সর্বাধিকরণ ফার্মের অর্থায়নের উদ্দেশ্য নয়।

02. নিচের কোনটি ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস?
Ⓐ শেয়ার Ⓑ ডিবেঞ্চার Ⓒ বন্ড Ⓓ বকেয়া দায়সমূহ
Ⓓ Solve ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস হলো বকেয়া দায়সমূহ।

03. নিচের আর্থিক সম্পদসমূহের মধ্যে কোনটি কম ঝুঁকি থেকে অধিক ঝুঁকির ক্রমধারার তালিকা?
Ⓐ অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার, বন্ড Ⓑ বন্ড, সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার
Ⓒ সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার, বন্ড Ⓓ বন্ড, অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার
Ⓓ Solve ব্যবসায়ের আর্থিক সম্পদসমূহের মধ্যে ঝুঁকির বিবেচনায় সবচেয়ে কম ঝুঁকি হলো বন্ডে কারণ এদের জামানত থাকে। বন্ডের পরে ধারাবাহিকভাবে অগ্রাধিকার শেয়ার এবং শেষে সাধারণ শেয়ার। অর্থাৎ ক্রমধারাটি হলো- বন্ড → অগ্রাধিকার শেয়ার → সাধারণ শেয়ার।

04. যদি কর হার হ্রাস পায়, ঋণের খরচ প্রকৃত অর্থে——।
Ⓐ হ্রাস পাবে Ⓑ বৃদ্ধি পাবে Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ ওঠানামা করবে
Ⓑ Solve যদি কর হার হ্রাস পায় তাহলে ঋণের খরচ প্রকৃত অর্থে বৃদ্ধি পাবে কারণ কর হারের সাথে ঋণের ব্যয়ের ঋণাত্মক সম্পর্ক থাকে।



CamScanner

05. নিচের কোনটি মূলধন বাজারের দলিল?
Ⓐ প্রদেয় নোটস Ⓑ ব্যবসায় স্বীকৃতিপত্র Ⓒ বাণিজ্যিকপত্র Ⓓ ঋণপত্র

D Solve মূলধন বাজারের দলিল হলো শেয়ার, বন্ড বা ডিবেঞ্চার যার প্রামাণ্য দলিল হলো শেয়ার সার্টিফিকেট, শেয়ার ওয়ারেন্ট, কাঁচা সনদ, ক্ষতিপূরণপত্র, লভ্যাংশ পরোয়ানা ইত্যাদি।

06. নিচের কোনটির ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা যায় না?
Ⓐ সাধারণ অ্যানুইটি Ⓑ ডিউ অ্যানুইটি Ⓒ চিরস্থায়ী বৃত্তি Ⓓ অসমান নগদ প্রবাহ

C Solve চিরস্থায়ী বৃত্তির শুধু বর্তমান মূল্য নির্ণয় করা যায়। কিন্তু ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা যায় না।

07. যে বাট্টার হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয়, ঐ বাট্টার হারকে কী বলা হয়?
Ⓐ আন্তঃআয় হার Ⓑ গড় মুনাফার হার Ⓒ ব্যাংক হার Ⓓ নামিক ঝুঁকিমুক্ত হার

A Solve যে বাট্টার হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয়, ঐ হারকে আন্তঃআয় হার (IRR) বলে। এ পদ্ধতিতে সকল নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের বর্তমান মূল্য সমান হবে। IRR এর ক্ষেত্রে Trial and Error পদ্ধতি ব্যবহৃত হয়।

08. নিচের কোনটির জন্য ব্যবসায়িক ঝুঁকির উদ্ভব হয়?
Ⓐ সংরক্ষিত মুনাফা হ্রাস পেলে Ⓑ ব্যবসায়ের পরিবর্তনশীল ব্যয় বৃদ্ধি পেলে
Ⓒ পণ্যের চাহিদা হ্রাস পেলে Ⓓ ব্যবসায়ে ঋণ-মূলধন বৃদ্ধি পেলে

C Solve বিক্রয়ের পরিমাণ পরিবর্তন, চাহিদার পরিবর্তন, বিক্রয়মূল্যের পরিবর্তন, পরিচালন খরচ, পরিশোধের অক্ষমতা ইত্যাদি ব্যবসায়িক ঝুঁকির উদাহরণ।

09. নিচের কোনটি মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত হয় না?
Ⓐ পে-অর্ডার Ⓑ প্রাইজ বন্ড Ⓒ ভ্রমণকারীর চেক Ⓓ স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ

D Solve মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত হয়- পে-অর্ডার, ডিমান্ড ড্রাফট, চেক, ব্যাংক ড্রাফট, বিনিময় বিল, ট্রেজারি চালান, প্রাইজবন্ড, ভ্রমণকারীর চেক, প্রত্যয়পত্র ইত্যাদি। অন্যদিকে স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত নয়।

10. ডেবিট এবং ক্রেডিট কার্ড সম্পর্কে নিচের কোন উক্তিটি সত্য নয়?
Ⓐ ডেবিট এবং ক্রেডিট কার্ড দিয়ে এটিএম থেকে টাকা উত্তোলন করা যায়।
Ⓑ ডেবিট এবং ক্রেডিট কার্ড প্লাস্টিক কার্ড।
Ⓒ ডেবিট এবং ক্রেডিট কার্ড দিয়ে কেনাকাটা করা যায়।
Ⓓ ডেবিট এবং ক্রেডিট কার্ড-এর হিসাবে টাকা থাকা প্রয়োজন।

D Solve ডেবিট ও ক্রেডিট কার্ড উভয়ই দুটি ব্যাংক স্বীকৃত স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতি যা ATM থেকে টাকা উত্তোলন করা যায়। এর দ্বারা কেনা কাটা করা যায় ও দুটিই প্লাস্টিক কার্ড। কিন্তু ক্রেডিট কার্ডে টাকা না থাকলেও নির্দিষ্ট পরিমাণ অর্থ ঋণ হিসেবে ব্যবহার করা যায়।

11. বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত একটি পে-অর্ডারের মেয়াদ কতদিন?
Ⓐ ৯০ দিন Ⓑ ১৮০ দিন Ⓒ ১ বছর Ⓓ কোনো নির্দিষ্ট বৈধ মেয়াদ নেই

D Solve পে-অর্ডারের মেয়াদ ৯০ থেকে ১৮০ দিন। পে-অর্ডারের মেয়াদ সর্বনিম্ন ৯০ দিন আর সর্বোচ্চ ১৮০ দিন। এখানে সর্বোচ্চ বা সর্বনিম্ন কিছুই না বলায় উত্তর হবে Ⓓ

12. দ্বৈত বিমা ধারণাটি প্রয়োগের প্রযোজ্য ক্ষেত্র-
Ⓐ নৌবিমা Ⓑ অগ্নিবিমা Ⓒ শস্যবিমা Ⓓ জীবনবিমা

D Solve দ্বৈত বিমা ধারণার প্রয়োগের উপযুক্ত ক্ষেত্র হলো জীবনবিমায়। একে যুগ্মবিমাও বলা হয়। এক্ষেত্রে বিমাগ্রহীতা একাধিক বিমা কোম্পানির সাথে সম্পর্ক স্থাপন করে। দ্বৈত বিমায় একপক্ষে ব্যক্তি বা প্রতিষ্ঠান এবং অপরপক্ষে একাধিক বিমা কোম্পানি থাকে।

13. নিচের কোন পদ্ধতির বিমায় বিমাগ্রহীতা ও বিমাকারী উভয়ই বিমা কোম্পানি?
Ⓐ সহ-বিমা Ⓑ পুনঃবিমা Ⓒ যুগ্মবিমা Ⓓ গোষ্ঠীবিমা

B Solve পুনঃবিমা পদ্ধতিতে বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ই বিমা কোম্পানি। পুনঃবিমায় একজন বিমাকারী তার ঝুঁকির অংশবিশেষ আরেক বিমাকারীর কাছে হস্তান্তর করে। এক্ষেত্রে উভয়ই বিমা প্রতিষ্ঠান। এটি সাধারণ বিমায় বেশি ব্যবহৃত হয়।



CamScanner

**14. নিচের কোনটি জীবনবিমার ক্ষেত্রে প্রযোজ্য নয়?**

Ⓐ সমর্পণ মূল্য Ⓑ ক্ষতিপূরণের চুক্তি Ⓒ বিমাযোগ্য স্বার্থ Ⓓ পরম সদ্‌বিশ্বাস

**B Solve** নৌবিমা, অগ্নিবিমা ও অন্যান্য বিমা ক্ষতিপূরণের চুক্তি। কিন্তু জীবনবিমা ক্ষতিপূরণের চুক্তি নয়, এটি নিশ্চয়তার চুক্তি। কারণ মানুষের জীবনের ওপর ক্ষতি পূরণীয় নয়। ক্ষতি হলেও বা না হলেও একটি নির্দিষ্ট মেয়াদ শেষে বিমার দাবি পরিশোধ করতে হয়। তবে জীবনবিমায় বিমাযোগ্য স্বার্থ, সমর্পণ মূল্য, পরম সদ্‌বিশ্বাস বিদ্যমান আছে।

**15. একটি প্রতিষ্ঠানের দেয় বিল ৬০০ টাকা, মজুতপণ্য ৩০০ টাকা, প্রাপ্য বিল ৫০০ টাকা, দেয় নোটস ৭০০ টাকা এবং নগদ ৬৫০ টাকা আছে। নিট চলতি মূলধন কত?**

Ⓐ ৩৫০ টাকা Ⓑ ২৫০ টাকা Ⓒ ১৫০ টাকা Ⓓ ৫০ টাকা

**C Solve** চলতি মূলধন = (চলতি সম্পত্তি – চলতি দায়) = (১,৪৫০ – ১,৩০০) = ১৫০ টাকা।
চলতি সম্পদ = (মজুতপণ্য + প্রাপ্যবিল + নগদ) = (৩০০ + ৫০০ + ৬৫০) = ১,৪৫০ টাকা।
চলতি দায় = ( দেয় বিল + দেয় নোটস) = (৬০০ + ৭০০) = ১,৩০০ টাকা।

**16. কোন ক্ষেত্রে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার কর হয়?**

Ⓐ স্থায়ী সম্পদ সংগ্রহে Ⓑ লভ্যাংশ বিতরণে Ⓒ ঋণ মূলধন পরিশোধে Ⓓ কার্যকরী মূলধনের প্রয়োজন মিটাতে

**D Solve** ব্যবসায়ে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয় কার্যকরী মূলধন/চলতি মূলধন এর প্রয়োজন মেটাতে। দীর্ঘমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয় দীর্ঘমেয়াদি মূলধনের প্রয়োজন মেটাতে।

**17. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?**

Ⓐ মুদ্রানীতি প্রণয়ন Ⓑ আমানত গ্রহণ Ⓒ হিসাব খোলা Ⓓ ঋণ প্রদান

**A Solve** বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি- আমানতগ্রহণ, ঋণ প্রদান, হিসাব খোলা, বিনিময় সৃষ্টি, আমানত সৃষ্টি, অর্থের নিরাপত্তা, বিল বাট্টাকরণ, অর্থ আদান-প্রদান, দেনা-পাওনা নিস্পত্তি, সঞ্চয় ও মূলধন গঠন ইত্যাদি। মুদ্রানীতি প্রণয়ন কেন্দ্রীয় ব্যাংকের কাজ।

**18. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের সবচেয়ে বড় সম্পত্তি হিসেবে বিবেচিত হয়?**

Ⓐ বাংলাদেশ ব্যাংকে জমাকৃত নগদ তহবিল Ⓑ স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ
Ⓒ ঋণ ও অগ্রিম Ⓓ স্থায়ী সম্পত্তি

**A Solve** বাণিজ্যিক ব্যাংকের সবচেয়ে বড় সম্পত্তি হলো বাংলাদেশ ব্যাংকে জমাকৃত নগদ তহবিল

**19. 'জেটিসন' বলতে কী বোঝায়?**

Ⓐ পণ্য হ্রাসকরণ Ⓑ পণ্য বোঝাই Ⓒ পণ্য স্থানান্তর Ⓓ পণ্য নিক্ষেপ

**D Solve** জেটিসন হলো পণ্য নিক্ষেপণ। জাহাজকে বড় বিপদের হাত থেকে রক্ষা করার জন্য বাহিত পণ্যের অংশবিশেষ সমুদ্রে ফেলে দেওয়া হলে তাকে Jettison বা পণ্য নিক্ষেপণ বলে।

**20. উন্মুক্ত বিমাপত্র নিচের কোনটির জন্য বিশেষভাবে প্রযোজ্য?**

Ⓐ জাহাজ Ⓑ পণ্য Ⓒ দায় Ⓓ মাশুল

**B Solve** উন্মুক্ত বিমাপত্র বা open policy বিশেষভাবে পণ্যের বা goods এর জন্য প্রয়োজন। পণ্য বা Goods কে Cargo নামেও বলা হয়। আর এই Cargo ই মূলত উন্মুক্ত বিমার ক্ষেত্রে বিশেষ প্রয়োজন। এক্ষেত্রে প্রতি শিপমেন্টে বিমা কোম্পানি বিমাপত্র ইস্যু করে না।

## অন্যান্য বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন ও উত্তর

**01. 'Every loan creates a deposit' উক্তিটি কার? [RU-B: 19-20]**

Ⓐ Professor Shaw Ⓑ Crowther Richard Ⓒ Canton de Cock Ⓓ Hartly Wither

**D Solve** অর্থনীতিবিদ Hartly wither এর মতে Every loan creates a deposit অর্থাৎ প্রতিটি ঋণই আমানত সৃষ্টি করে।

**02. নিকাশঘর আনুষ্ঠানিকভাবে প্রথম শুরু হয়- [RU-B: 19-20]**

Ⓐ রোম Ⓑ লন্ডন Ⓒ নিউইয়র্ক Ⓓ বেইজিং

**B Solve** নিকাশঘর আনুষ্ঠানিকভাবে লন্ডনে যাত্রা শুরু করে। নিকাশঘর ধারণার জনক হলো আরভিল।

**03. Hedging কী? [CoU-B: 19-20]**

Ⓐ দর কষাকষি Ⓑ ভবিষ্যৎ ঝুঁকি হ্রাস Ⓒ শুল্ক রেয়াত Ⓓ পণ্য ক্রয়ের বায়না

**B Solve** Hedging হলো ঝুঁকিহ্রাসের একটি কৌশল।



CamScanner

**04. বিমাচুক্তিতে যে পক্ষ প্রিমিয়াম প্রদান করে তাকে বলে– [BRUR-C: 19-20]**

Ⓐ বিমাকারী Ⓑ বিমাগ্রহীতা Ⓒ বিমা কোম্পানি Ⓓ কোনোটিই নয়

**B Solve** বিমাচুক্তিতে যে পক্ষ প্রিমিয়াম প্রদান করে তাকে বিমাগ্রহীতা বলে এবং বিমা কোম্পানিকে বলে বিমাকারী।

**05. SWIFT কী? [BRUR-C: 19-20]**

Ⓐ একটি ব্যাংক সমিতি Ⓑ ক্রেডিট রেটিং পদ্ধতি Ⓒ একটি পরিশোধ পদ্ধতি Ⓓ একটি ব্যাংকিং পদ্ধতি

**C Solve** SWIFT হলো আন্তঃব্যাংক দেনাপাওনা নিষ্পত্তি বা পরিশোধ পদ্ধতি। এর পূর্ণরূপ The Society for Interbank Financial Telecommunication.

**06. ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ক কী? [JKKNIU-C: 19-20]**

Ⓐ সমানুপাতিক Ⓑ ঋণাত্মক Ⓒ নিরপেক্ষ Ⓓ ধনাত্মক

**D Solve** ঝুঁকি বাড়লে আয়ও বাড়বে এবং ঝুঁকি কমলে আয়ও কমবে। তাই ঝুঁকি ও আয়ের মধ্যে ধনাত্মক সম্পর্ক বিদ্যমান।

**07. ই-ব্যাংকিং এর সাথে সম্পর্কিত নয়- [JKKNIU-C: 19-20]**

Ⓐ SWIFT Ⓑ বিন কার্ড Ⓒ ডেবিট কার্ড Ⓓ ক্রেডিট কার্ড

**B Solve** বিন কার্ড মূলত মজুত ব্যবস্থাপনায় ব্যবহৃত হয়। এতে মজুত পণ্যের পরিমাণ, আগমন, নির্গমন ইত্যাদি বিবরণ লেখা থাকে। এটি ই-ব্যাংকিং এর সাথে সম্পৃক্ত নয়।

**08. বিমার প্রধান কাজ হচ্ছে– [JKKNIU-C: 19-20]**

Ⓐ দক্ষতা বৃদ্ধি Ⓑ ক্ষতিপূরণ Ⓒ নিশ্চয়তা প্রদান Ⓓ পুঁজি সরবরাহ

**B Solve** বিমার প্রধান কাজ হচ্ছে ক্ষতি সংঘটিত হলে উক্ত ক্ষতির ক্ষতিপূরণ করা।

**09. বাংলাদেশ ব্যাংকের গভর্নরের মেয়াদকাল কত বছর? [SUST-A: 19-20]**

Ⓐ ৩ বছর Ⓑ ৪ বছর Ⓒ ৫ বছর Ⓓ ৬ বছর Ⓔ ৭ বছর

**B Solve** বাংলাদেশ ব্যাংকের গভর্নরের মেয়াদকাল ৪ বছর।

**10. কোনটি জাহাজি দলিল নয়? [BRUR-C: 19-20]**

Ⓐ চালান Ⓑ ফরমায়েশপত্র Ⓒ বহনপত্র Ⓓ বিনিময় বিল

**B Solve** চালান, বহনপত্র, বিনিময় বিল, প্রভবলেখ ইত্যাদি জাহাজি দলিল।

**11. ভবিষ্যতে মূল্য বাড়বে এ প্রত্যাশায় যে ব্যবসায়ী বর্তমান বাজারে পণ্য কেনে তাকে কী বলে?**

Ⓐ Hedger Ⓑ Broker Ⓒ Speculator Ⓓ Arbitrator

**C Solve** Speculator হলো ফটকা লাভকারী। এটি যখনই বুঝতে পারবে দাম বাড়বে তখন বর্তমান মূল্যে পণ্য ক্রয় করে।

**12. যে ঋণ গ্রহণে কোনো বাধ্যবাধকতা থাকে না তা কী ধরনের অর্থায়ন? [JKKNIU-C: 19-20]**

Ⓐ জামানতবিহীন Ⓑ মুদ্রা বাজার Ⓒ স্বতঃস্ফূর্ত Ⓓ জামানতযুক্ত ঋণ

**C Solve** স্বতঃস্ফূর্ত অর্থায়নে বা ঋণ গ্রহণে কোনো বাধ্যবাধকতা থাকে না। এটি গ্রহীতার ইচ্ছার ওপর নির্ভরশীল। প্রদেয় হিসাব, ক্রেতাদের নিকট থেকে অগ্রিম গ্রহণ ইত্যাদি স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস।

**13. রপ্তানি পণ্য জাহাজ বোঝাই করে জাহাজের ক্যাপ্টেন যে রসিদ প্রদান করে তাকে কী বলে? [JKKNIU-C: 19-20]**

Ⓐ প্রত্যয়নপত্র Ⓑ নৌ-ভাটক Ⓒ ডক রসিদ Ⓓ কাঁচা রসিদ

**D Solve** রপ্তানিকৃত পণ্য জাহাজ বোঝাই করে জাহাজের অধ্যক্ষ বা ক্যাপ্টেন যে রসিদ প্রদান করে তাকে কাঁচা রসিদ (Mates Receipt) বলে।

**14. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে? [Home Eco: 19-20]**

Ⓐ ড. মোহাম্মদ শহীদুল্লাহ Ⓑ ড. অমর্ত্য সেন Ⓒ ড. মুহাম্মদ ইউনূস Ⓓ ড. মোহাম্মদ ফরাস উদ্দীন

**C Solve** গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা নোবেলজয়ী বাংলাদেশি ড. মুহাম্মদ ইউনূস। এটি ১৯৮৩ সালে প্রতিষ্ঠা করা হয়।

**15. ব্র্যাক ব্যাংক কর্তৃক প্রচলিত 'বিকাশ' কে কোন ব্যাংকিং বলে? [Home Eco: 19-20]**

Ⓐ মোবাইল Ⓑ অনলাইন Ⓒ হোক Ⓓ ইলেকট্রনিক

**A Solve** ব্র্যাক ব্যাংক কর্তৃক প্রচলিত বিকাশকে মোবাইল ব্যাংকিং বলে। কারণ এখানে মোবাইলের মাধ্যমেই ব্যাংকিং সুবিধা প্রদান করা হয়।



CamScanner